মিলন মেলা

১২তম বর্ষ

ও প্রদর্শনী-২০২২

পরিচালনায়-

বাজকুল ইউনাইটেড ফোরাম

একটি স্বেচ্ছাসেবী সংস্থা

Regd. No.-SO186757 of 2011-2012

তেঠিবাড়ী, কিসমত বাজকুল, পূর্ব মেদিনীপুর

bajkulunitedforum@gmail.com

www.bajkulunitedforum.com

মিলন মেলার সার্বিক শুভ কামনায়...

অর্থনৈতিক উন্নয়ন ও স্বনির্ভরতায় ৫০ বছরের ধারাবাহিকতা-

কন্টাই কার্ড ব্যাঙ্ক লিমিটেড

রেজিঃ নং-10 CONT / Dt-01.02.1967 ● রেজিঃ হেড অফিস ও পোষ্ট ঃ কন্টাই, পূর্ব মেদিনীপুর

দূরাভাষ ঃ ০৩২২০-২৫৫১৮৪/২৫৭০৫৩/২৫৭৯৪৭ ● ই-মেল ঃ contaicardbltd@gmail.com ● Web : ccardbltd.com

ব্যাঙ্কের নানান প্রকল্প (স্কীম)

স্বল্প সুদে অধিক পরিমান স্বর্ণবন্ধকী লোন

স্বল্প মূল্যে **লকার** ফেসিলিটি



গোপালন

মুরগী চাষ (Paultry)

পান চাষ

গৃহ নির্মাণ

মাছ চাষ
১. মিঠাজল মাছ চাষ
২. নোনাজল মাছ চাষ

ট্রাক্টর লোন

পাওয়ার টিলার

ক্ষুদ্র শিল্প ঋণদান

স্বনির্ভর গোষ্ঠী



ছাগল চাষ

যোগাযোগ

কাঁথি শাখা
ফোন ঃ (০৩২২০)-২৫৫১৫৮

এগরা শাখা
ফোন ঃ (০৩২২০)-২৪৪২৪৭

রামনগর শাখা
ফোন ঃ (০৩২২০)-২৬৪৩৭৭

পটাশপুর শাখা
ফোন ঃ (০৩২২০)-২৪২২০৩

ভগবানপুর শাখা
ফোন ঃ (০৩২২০)-২৭২৫৬৯

হোঁড়িয়া শাখা
ফোন ঃ (০৩২২০)-২৭৬২২৬

বাজকুল (সান্ধ্য) শাখা
ফোন ঃ (০৩২২০)-২৭৪৮৫৫

নির্ভরযোগ্য ব্যাঙ্ক ● স্বল্প সুদ ● দীর্ঘ মেয়াদী লোন ● স্বল্প সময় বিনিয়োগ
● স্বল্প নথিতে অধিক পরিমান স্বর্ণালঙ্কার বন্ধকী লোন

TOLL FREE NO : 1800 123 444777

অখিল গিরি
স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্র মন্ত্রী
সংশোধন-প্রশাসন বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
জেসপ বিল্ডিং (২য় তল)
৬৩, নেতাজী সুভাষ রোড,
কোলকাতা -৭০০ ০০১
দূরভাষ (০৩৩) ২২৬২-৫৬৯২
(০৩৩) ২২৬২-৫৬৯৫
ফ্যাক্স (০৩৩) ২২৬২-৫৬৯২

AKHIL GIRI
Minister - of - State (IC)
Deptt. of Correctional Administration
Government of West Bengal
Jessop Building, (1st Floor)
63, Netaji Subhas Road
Kolkata - 700 001
Tel. : (033) 2262 5692
(033) 2262 5695
Fax : (033) 2262 5692

No.294/MoS(IC)/(M)/DCA/22 *Dated: 12.12.2022.*

MESSAGE

It is a matter of immense pleasure to learn that "Bajkul United Forum" is going to celebrate a long 12 days' programme of "Bajkul Milan Mela O Pradarsani" on and from 12th to 23rd December, 2022. The decision to take the venture of the proposed ostentatious cultural programmes and competition along with some benevolent activities is highly appreciable and praiseworthy.

I take this opportunity to extend my sincere greetings and best wishes also to the publication of a Souvenir to commemorate the Red Letter Days.

(Akhil Giri)

AKHIL GIRI
Minister-of-State (IC)
Deptt. of Correctional Administration
Govt. of West Bengal

Rabin Chandra Mandal,
Secretary,
Bajkul United Forum,
Purba Medinpur.

HALDIA INSTITUTE OF HEALTH SCIENCES
(An Institute of ICARE)
ICARE Complex, P.O.- Haldia, Haldia, Dist- Purba Medinipur, Pin- 721657 W.B., India
Phone 03224-255968 / 255587 / 267165 Fax . 03224-255968
E-mail: hihshaldia@yahoo.co.in, principalhihs@gmail.com
Website: www.hihshaldia.org.

Reference No.HIHS/07/316/2022 Date:14.12.2022

To
Mr. Rabin Chandra Mondal
Secretary
Bajkul United Forum
Tethibari, Kismat Bajkul
Purba Medinipur
PIN: 721655

Dear Sir,

I am very happy to know that like previous years, **"Bajkul Milan Mela O Pradarsani"** is going to be organized by **"Bajkul United Forum"** on and form 12th to 23rd December, 2023at Bajkul Milan Mahavidyalaya campus. It has become a great occasion for the people of Bajkul to celebrate and enjoy the winter season at the Bajkul Milan Mela. Festivities bring people together, bolstering the social integrity, breaking the obstacles of caste, creed, and religion. **Bajkul United Forum** has been doing a great service to the society by raising relevant social issues, by standing behind the underprivileged, needy people of the society.

I am pleased to note that **"Bajkul United Forum"** is going to publish a magazine to commemorate the occasion. I would like to convey my heartiest congratulations to the editorial team and all the contributors to the magazine. I wish success of the **"Bajkul Milan Mela O Pradarsani"** and the magazine and hope that it will become a tradition as well.

Thanking you,

Yours sincerely,

14/12/2022

Prof. (Dr.) Pikash Pratim Maity
Principal
Haldia Institute of Health Sciences

Prof. (Dr.) Pikash Pratim Maity, PhD
Principal
Haldia Institute of Health Sciences
Haldia, Pin-721657

শোক তর্পণ

স্মৃতির পাতায় রইল যাঁরা

দেশ-বিদেশের যে সকল মহান জ্ঞানী-গুণি মানুষ অমৃতলোকে গমন করেছেন, তাঁদের স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি।

দেশরক্ষার কাজে যাঁরা শহীদ হয়েছেন, সাম্প্রদায়িক দাঙ্গা, রাজনৈতিক হানাহানি, পথ দূর্ঘটনায় যাঁরা প্রাণ হারিয়েছেন, তাঁদের প্রতি গভীর শোক প্রকাশসহ তাদের পরিবারবর্গের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

স্মরণকরি সেই সমস্ত বরণ্যে সহৃদয় ব্যক্তিবর্গকে যাঁরা স্বদেশসাধক, স্বাধীনতা-সংগ্রামী, সমাজসেবী, রাজনীতিবিদ, দার্শনিক, বিজ্ঞানী, সাহিত্যিক, সঙ্গীতশিল্পী, চিত্রতারকা, খেলোয়াড় অমৃতলোকে পাড়ি দিয়েছেন।

সর্বোপরি, সকল প্রয়াত মহৎপ্রাণের বিদেহী আত্মার শান্তি কামনায়-

বাজকুল ইউনাইটেড ফোরাম-এর
১২তম বর্ষ মিলন মেলার
সকল সদস্য ও সদস্যাবৃন্দ

সভাপতির কলমে...

আধুনিক বঙ্গ-সংস্কৃতির আঙ্গিনায় পূর্ব মেদিনীপুর জেলা এক উজ্জ্বল স্বাক্ষর বহন করে চলেছে। আর তারই অংশ হিসাবে বাজকুল ইউনাইটেড ফোরাম একটি স্বেচ্ছাসেবী সংস্থা হিসাবে সামাজিক কাজকর্মের পাশাপাশি কিছুটা আমোদ-প্রমোদ, বিনোদন মূলক অনুষ্ঠান করে থাকে। মানুষ সামাজিক জীব হিসাবে সেগুলি উপভোগ ও আস্বাদন করতে ভালোবাসে। মনুষ্য জীবনের আশ্চর্য প্রকাশ হল মেলার বহু বর্ণময় বৈচিত্র্য। যা মহৎ বা সুন্দর সেই সামাজিক সংস্কৃতিকে তার বিকাশ ও নান্দনিকতায় আমাদের প্রয়োজনে এগিয়ে নিয়ে যেতে হবে। আমাদের জনজীবনে আশ্চর্য প্রকাশ হল মেলা ও উৎসব। এগুলির মধ্যে উদার মানবিক আবেদন এবং লোকায়ত সমন্বয় সাধন লক্ষ্য করা যায়। ধর্ম-বর্ণ নির্বিশেষে ও হিন্দু-মুসলীম, বৌদ্ধ-জৈন-খ্রীস্টান জনগোষ্ঠীর মিলিত প্রয়াসে গড়ে উঠতে দেখা যায় এই মেলা ও উৎসব।

বাজকুল ইউনাইটেড ফোরাম বিগত এগারো বছর ধরে নানান মানবিক কার্যকলাপ স্বাক্ষর বহন করে চলেছে। পরিবেশ সচেতনতা থেকে, দরিদ্র -নারায়ণের সেবাকার্য থেকে, রক্তদান এর মতো মহৎ কার্য গুলোকে পাথেয় করে সুস্থ -সংস্কৃতির স্বাক্ষর বহন করে চলেছে। ২০২২, ১২তম বর্ষেও বাজকুল ইউনাইটেড ফোরাম তার ঐতিহ্য ও পরম্পরাকে আগামী দিনের জন্য বাঁচিয়ে বা টিকিয়ে রাখার জন্য দৃঢ় সংকল্পবদ্ধ, তথা অঙ্গীকারবদ্ধ। তাই 'সবে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ'- এই সুন্দর ঐক্যের বার্তাকে পাথেয় করে সকলের মিলিত প্রয়াসে একটি সুন্দর সুস্থ-সংস্কৃতির ছাপ বহন করে চলুক আমাদের ফোরাম, এই শুভ প্রয়াসে সবারে করি আহ্বান।

অর্দ্ধেন্দু মাইতি
সভাপতি
বাজকুল ইউনাইটেড ফোরাম

সম্পাদকের কলমে...

বাজকুল ইউনাটেড ফোরাম সরকারী রেজিষ্ট্রীকৃত একটি স্বেচ্ছাসেবী সংস্থা। দীর্ঘ এগারো বছর অতিক্রান্ত করে দ্বাদশ বর্ষে পদাপর্ণ করল আমাদের সংস্থা। দীর্ঘ এগারো বছর ধরে সংস্থা তার স্বমহিমায় সমস্ত সামাজিক কার্যকলাপের সাথে একাত্ম। বিশেষ করে সুস্থ সংস্কৃতির আঙ্গিনায় মিলন মেলা, খেলাধূলা, শরীরচর্চা, পরিবেশ সচেতনতা, সবুজ প্রকল্পের রূপায়ণ, দরিদ্র-নারায়ণের সেবা, গরীব ছাত্র-ছাত্রীদের সাহায্যে সর্বো পরি মানুষের জীবনের প্রয়োজনে রক্তদান শিবিরের মতো নানান মানবিক কার্য করে থাকে সারাবছর ব্যাপী। এর ফলে আঞ্চলিক স্তরে ফোরাম যে মিলন মেলা ও উৎসব আয়োজন করে থাকে তা মানুষের সাংস্কৃতিক চেতনাকে পরিশীলিত করে। কারণ 'মেলা' মানেই মিলন। সর্বধর্মের মানুষের মিলন, চিন্তা-চেতনার মিলন, পরিশীলিত রুচি সংস্কৃতির মিলন, লোকসংস্কৃতির মিলন, লোকশিল্পের মিলন।

গতানুগতিকতার জীবনের নাগপাশ থেকে মুক্ত হওয়ার অন্যতম পরিবেশ হল মেলা ও উৎসব। এই অনুষ্ঠানের মধ্য দিয়ে নতুন নতুন সৃজনশীল প্রতিভাকে বিকশিত করে মিলন মেলা। তাই বাজকুল ইউনাইটেড ফোরাম একটি স্বেচ্ছাসেবী সংস্থা হিসাবে আঞ্চলিকস্তরে তার মানবিক কার্যগুলো সম্পাদন করে চলেছে সকলের সম্মিলিত প্রয়াস ও সহযোগিতায়। সংস্থার সকল সদস্য ও সদস্যা সহ এলাকাবাসীর সার্বিক সহযোগিতায় এই মিলন মেলা ও সংস্থার শ্রীবৃদ্ধি ঘটুক এই প্রত্যাশা রাখি।।

রবীন চন্দ্র মণ্ডল
সম্পাদক
বাজকুল ইউনাইটেড ফোরাম

পত্রিকা সম্পাদকের কলমে...

মেলার মধ্যে মিলনের চিরন্তন প্রতিচ্ছবি সর্বদাই পরিলক্ষিত। মানুষ নিজেকে দেখতে পায় মিলন-প্রাঙ্গণে এসে। উপলব্ধি করে এক শাশ্বত সত্যকে। মানুষে মানুষে সম্প্রীতির বন্ধন দৃঢ় হয়। গ্রাম-বাংলার উদার, নিসর্গ পটভূমিকায় যে মিলন মেলা- এতে শুধু মানুষের সঙ্গে মানুষের মিলনই নয়, এ হলো অতীত ইতিহাস ঐতিহ্য ও পরম্পরার সঙ্গে বর্তমানের সেতুবন্ধন।

শিশির শয্যায় যে হেমন্তের বিদায়, তারই কোমল অঙ্গে হিমেল বাতাসের একরাশ দীর্ঘশ্বাস নিয়ে ভরাশীতের অভ্যুদয়ে প্রতি বছর ডিসেম্বর মাসে বাজকুল ইউনাইটেড ফোরামের নিরলস উদ্যোগে আয়োজিত -'মিলন মেলা' হাঁটি-হাঁটি পা-পা করে দ্বাদশ বর্ষে পদার্পন করেছে। চিত্তাকর্ষী সাংস্কৃতিক আবহ ও মনোরম বিচিত্রানুষ্ঠান রূপে -রঙে-রসে ও বৈভবে উত্তরোত্তর মেলার শ্রীবৃদ্ধি ঘটিয়ে চলেছে।

এই পত্রিকায় যাঁরা তাদের কালি-কলম-মন-এর সংযোগ ঘটিয়ে পত্রিকাটিকে সমৃদ্ধ ও সর্বাঙ্গ-সুন্দর করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করি। পত্রিকাটি প্রকাশের ক্ষেত্রে যেসমস্ত সহৃদয় ব্যক্তি বিজ্ঞাপন ও আর্থিক আনুকুল্য দিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন তাদের প্রতি বাজকুল ইউনাইটেড ফোরাম চিরকৃতজ্ঞ। সর্বোপরি, পত্রিকাটি বর্ণ সংস্থাপন ও দ্রুত প্রকাশের ক্ষেত্রে মোনালিসা ডি.টি.পি. সেন্টার-এর কর্ণধার সুখেন্দু মাইতিকে ও তপন জানা অশেষ কৃতজ্ঞতা জানাই। মেলার সঙ্গে সংশ্লিষ্ট সমস্ত শুভানুধ্যায়ী ব্যক্তিবর্গকে আন্তরিক ধন্যবাদ জানাই। সকলের সম্মিলিত প্রচেষ্টায়, সহযোগিতায় ও শুভাগমনে প্রতিবছরের ন্যায় এবছরও মেলা প্রাঙ্গণ সর্বাঙ্গসুন্দর হয়ে গড়ে উঠুক-এই প্রত্যাশা করি।

স্বরাজ কুমার করণ
পত্রিকা সম্পাদক
বাজকুল ইউনাইটেড ফোরাম

বাজকুল ইউনাইটেড ফোরামের সদস্যবৃন্দ


অর্দ্ধেন্দু মাইতি(বিধায়ক)
সভাপতি


শংকর কুমার প্রধান
সহ-সভাপতি

রবীনচন্দ্র মণ্ডল
সম্পাদক

শঙ্খবরণ হুতাইত
সহ-সম্পাদক

চন্দন নাজির
কোষাধ্যক্ষ

অরুণ কুমার দাস

বিজন সামন্ত

সুমিত বেরা

শক্তিপদ দাস

রামকৃষ্ণ মণ্ডল

মানস কুমার বেরা

স্বরাজ করণ


সুবিনয় মাইতি

নির্মলেন্দু দাস

চন্দন কর

ডঃ নিথররঞ্জন মধু

নাড়ুগোপাল মান্না

ডঃ পীযুষকান্তি দন্ডপাট

বাবলু মণ্ডল

শান্তনু কর

রাজকমল দাস


অচিন্ত্য শাসমল

গণেশ দাস

শুকদেব শীট

ডাঃ পিকাশপ্রীতম মাইতি

মিলন মেলার সাফল্য কামনায়—

Hero

আর.এম. হিরো

তেঠিবাড়ী

বাজকুল ● পূর্ব মেদিনীপুর

Ph.-(03220) 274 774

Mob.- 9932607574

বাজকুল ইউনাইটেড ফোরামের সদস্যবৃন্দ


স্বর্ণকমল দাস

রবি নাজির

সুখেন্দু মাইতি

দেবকমল দাস

তপন দাস

কল্যাণ মাইতি

ননীগোপাল মাঝি

ডঃ দীপাঞ্জন রায়

মোহন খালুয়া

শৈবাল সাহু

সঞ্জয় গিরি

অরুণ গিরি

ডঃ আশীষ দে


দিবাকর দাস


দীপেশ দাস

কৃষ্ণেন্দু সিন্‌হা


সৌমেন গিরি

সন্দীপ প্রধান


তরুণ কুইতি


তন্ময় দাস

সঞ্জীব বাড়ুই

গোবিন্দ সামন্ত

অধ্যাপক গোবিন্দপ্রসাদ কর

মানস কবি

দেবাশীষ দাস

বাজকুল ইউনাইটেড ফোরামের সদস্যবৃন্দ


সন্তু নাজির


ভক্তিপদ দাস

সন্তোষ সামন্ত


নয়ন নাজির

দেবশংকর ভূঞ্যা


অভিজিৎ দাস

স্বপন মণ্ডল

চন্দনদাস অধিকারী

মানিক কর

চন্দন মালী


সুদীপ প্রধান

বিশ্বজিৎ বেরা

গুরুশঙ্কর মাল

গৌতম ঘোড়ই

সুদীপ্ত দাস


রাধানাথ দাস

অভিজিত ভূঞ্যা

সমীরণ মণ্ডল

কৌশিক মাইতি(বাবুন)

রামপদ সেন


প্রবীর সামন্ত

সুমন মাইতি



পবন পণ্ডা

শুভঙ্কর পাত্র

রাধাগোবিন্দ মাইতি

বাজকুল ইউনাইটেড ফোরামের সদস্যবৃন্দ

কেশব দাস

অরিজিৎ রাউৎ

নারায়ণ মাইতি


অরুণ কুমার দাস

দেবব্রত পাল

গৌতম পাল

প্রলয়শঙ্কর চক্রবর্তী

সঞ্জীব সামন্ত

অঞ্জন রায়

অজয় মাইতি


গোপাল বেরা

জয়দেব পাত্র

কৌশিক জানা

জয়দেব সাউ

অমিত রায় (পল্টু)

দীপঙ্কর দাস

দেবেশ্বর গিরি

আনন্দ প্রধান

অর্দ্ধেন্দু মাইতি (ভচা)

সুজিত মাইতি

সুজিত বেরা

সৌরভ গোস্বামী

নারায়ণচন্দ্র শীট

বানেশ্বর দাস

অতনু পণ্ডিত

তাপস দাস

সোমনাথ মাইতি

সুদীপ্ত ভূঞ্যা


পিন্টু পাল

বিশ্বজিৎ চক্রবর্তী

উষানাথ আচার্য্য

অর্দ্ধেন্দু দত্ত

প্রতীক রঞ্জন বায়েড়

গৌরব কান্তি দাস


ঋত্বিক মাইতি

রূপম পট্টনায়েক, কৌস্তভ মহাপাত্র, সেক জানে আলম আলী, শংকর প্রসাদ সাউ, মুকুন্দ মণ্ডল নন্দন মণ্ডল, বিশ্বনাথ দোলই, শংকর নাজির, স্বপন দাস, ইন্দ্রনীল বিশ্বাস, অয়ন দাস, সোমনাথ মাইতি

ফিরে দেখা ২০২১

ঈশ্বর

সঙগীতা জানা

শুনেছি, ঈশ্বর এক এবং অদ্বিতীয়
দেখিনি তো তাঁকে কখনও —
সত্যিই কি দেখনি তাঁকে তুমি!
অনুভব করনি কখনও?
ন'মাস গর্ভ ধারণ আর প্রসব ব্যথা সয়ে
যে দেখাল পৃথিবী তোমাকে,
সে যে আর কেউ নয়, তোমারই মা —
তাঁরই মধ্যে খুঁজে পাবে ঈশ্বরকে।
সব কষ্ট সয়ে যন্ত্রণা লুকিয়ে
সুখের চাবিকাঠি তুলে দেয় তোমার হাতে,
সে যে আর কেউ নয়, তোমার বাবা —
তাঁর মিল খুঁজে পাবে ঈশ্বরের সাথে।
তোমার সামান্য অসুস্থতায় ব্যাকুল যাঁরা
তোমার ব্যাথায় সমব্যথী
সে যে আর কেউ নয় তোমার বাবা - মা
তোমার চলার পথের সাথী।
বাবা-মায়ের মাঝে বিরাজমান ঈশ্বর
পরম বন্ধু তোমার আমার
সম্মান আর ভালোবাসা পূজার্ঘ্য হোক
পূজা করি আমাদের দেবতার।

—০ঃঃঃ০—

কান্না, ঈশ্বরীর

আনন্দমোহন দাশ

যাকে আমি ঈশ্বরী বলেছি,
এবনে - ওবনে ঘুরে ফুল তুলে আনার
মতো করে কবিতার শব্দ - অক্ষরগুলি জড়ো করেছি
যার পায়ে, সেই ঈশ্বরীকে আজ
কাঁদতে দেখেছি।

যে মুখে খেলা করে শত চাঁদের আলো,
সেখানে এতো অসহায়তা, এতো নিঃসঙ্গতা দেখে
মনে হয় ..... আমাকে মুক, অন্ধ ও বধির
করে দাও দয়াময় ....
এই কি তবে পাহাড়ি ঝর্ণার কলহাস্যতা
অথচ বুকেতে দুঃসহ পাথর জমানো অভিঘাত!

ঘুম ভেঙে যায়, ঘোর লাগা ধ্যান ভেঙে
নিজেকে রাখি কাঁটাটির পাশে।
এসো রক্তক্ষয়ী প্রহর, এসো মহাকাল
আমার ঈশ্বরী আর একবার কেঁদে ওঠার আগেই
নক্ষত্রের গন্ধ এসে গিলে নিক আমাকে...!

—০ঃঃঃ০—

প্রতিশোধ

মানসী জানা,
প্রধান শিক্ষিকা, তেঠিবাড়ী সারদা শিশু বিদ্যামন্দির

অহঙ্কারের মদমত্ত মানুষ
সীমানা ছাড়িয়ে বড্ড হয়েছিল বেহুঁশ।
বারংবার প্রকৃতিকে মেরেছ ছোবল
জ্বালিয়ে পুড়িয়ে ক্ষতকে দগদগে করেছ কেবল।।
পরিবর্তন আর পরিবর্তন
সনাতনী প্রথ্য ভেঙ্গে —
আকাশের বুক চিরে গ্রহ গ্রহান্তরে,
সাগরের তলা থেকে পাহাড় চূড়ে
বিজয় নিশান ওড়ে পত্ পত্ করে।
আর আজ — সামান্য একটা ভাইরাস
তোমার শরীরে সে বানিয়েছে মজবুত বাসা।
যাকে চোখেও যায় না দেখা,
তার ভয়ে ভীত তুমি —
তোমায় করল সে — একেবারে কোণঠাসা।।

লকডাউন লকডাউন চারিদিকে লকডাউন
ফরমান জারি হয় গ্রামগঞ্জ থেকে টাউন।
পারলে না ঢোকাতে তারে মজবুত লকআপে
কত দোষী নির্দোষ ঢোকে রোজ
বড় বাবুদের অভিশাপে।
বদল নয় কো আর বদলা যে চায় দেখো
মোদেরই প্রকৃতি মা।
শিবের পূজা করি এস — হানাহানি আর না।।

—০ঃঃঃ০—

চিঠি

দেবব্রত রাউল,
(শিক্ষক, মড়াল সতীশচন্দ্র পাবলিক ইনস্টিটিউট)

চিঠি! চিঠ! তুমি কোথায়?
কেন তুমি দাওনি সাড়া?
মনের মধ্যে হিল্লোল তোলোনি?
তুমি কি সত্যিই অতীত
এখ বর্ণময় ইতিহাস?
এখ সময়ে তোমাকে হাতে পাওয়ার জন্য
মনের কি উদ্বেগ আর ব্যাকুলতা!
আর হাতে পাওয়ার পর,
বাঁধ ভাঙা উচ্ছ্বাস - আবেগ
যৌবনকে নাড়িয়ে দিত!
তোমার আগমণের প্রতিক্ষায় দিন গুণতো
বন্ধু-বানধবী প্রেমিক-প্রেমিকা।
তুমি ভালোবাসার পরশ ছড়িয়ে দিতে -
কুসুম-কোমল কপোত - কপোতীর হৃদয়ে।
কত রাগ, অভিমান, প্রেম - বিরহের
সাক্ষী ছিলে তুমি!
কতবার তুমি হয়েছো অশ্রুসিক্ত ভারাক্রান্ত!
তবুও মনের যন্ত্রণা, ভালোবাসা ও বিরহের বার্তা
বহন করেছ দিবারাত্র!
তাই তুমি চিঠি! তুমি পবিত্র!
তুমি ছিলে আশার আলো,
ভালোবাসার বাহক প্রেমের মাধ্যম।

আজ মোবাইল, ফেসবুক, ই-মেইল,
হোয়াটসঅ্যাপ
তোমার জায়গা কেড়ে নিয়েছে
আর সাথে সাথে হারিয়ে গিয়েছে
আমাদের আবেগ, কৌতুহল ও উচ্ছ্বাস -
আজ আমরা বড্ড বেশি যান্ত্রিক।
তোমার অনুপস্থিতিতে আমরা বাকরুদ্ধ,
যেন ভাবলেশহীন ভাষাহীন এক যন্ত্রমানব।
কেবল মোবাইলেটাচ করে,
ফেসবুক, হোয়াটস অ্যাপে চ্যাট করে,
আমাদের সমস্ত আবেগ ভালোবাসা
আজ চাটনিতে পরিণত।
যেন শুধুই চোখে দেখা —
'হাঁ' অথবা 'না'
নচেৎ পরের জনের অপেক্ষায়.....

—০ঃঃঃ০—

মিলন মেলার সার্বিক শুভ কামনায়...

কাজলাগড় গ্রাম পঞ্চায়েত

ভগবানপুর-১ পঞ্চায়েত সমিতি

পোস্ট-কাজলাগড় ❁ পূর্ব মেদিনীপুর

"হারি জিতি নাহি লাজ"

মানুষের জন্য করতে চাই কাজ।- ইন্দিরা আবাস যোজনা, সহায় প্রকল্প, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্প, জাতীয় সামাজিক সহয়াতা কর্মসূচীর অর্ন্তগত ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্য জনিত অবসর ভাতা প্রকল্প, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, জাতীয় পরিবার সহায়তা প্রকল্প, জননী সুরক্ষা যোজনা প্রকল্পের সাথে অন্ত্যোদয় অন্ন যোজনা, অন্নপূর্ণা যোজনা, ভূমিহীন কৃষি শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প, অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প, সকলের জন্য শিক্ষা, সার্বিক স্বাস্থ্যবিধান কর্মসূচী রূপায়ণে আমরা ব্যস্ত ও ব্রতী। সবারে করি আহ্বান-

কমলাকান্ত পাত্র
উপ-প্রধান

জয়ীতা জানা
প্রধান

সকল সদস্য-সদস্যা ও কর্মচারীবৃন্দ

মিলন মেলার শুভেচ্ছায়

খেজুরী-১ পঞ্চায়েত সমিতি

পূর্ব মেদিনীপুর

পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দোপাধ্যায়-এর স্বপ্নকে সফল করতে, খেজুরী-১ পঞ্চায়েত সমিতির অর্ন্তগত প্রত্যেকটি ঘরে উন্নয়নের ছোঁয়া পৌঁছে দিতে, সকল মানুষের জীবন যাত্রার মান উন্নত করতে, গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্পকে বাস্তবায়িত করতে তপশিলী জাতি, উপজাতি, অনগ্রসর সম্প্রদায় ও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত মানুষদের কল্যাণার্থে ও ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে জনগণের সহযোগিতা ও অংশগ্রহণের মধ্যদিয়ে এবং নির্বাচিত প্রতিনিধি ও কর্মচারীদের ঐকান্তিক প্রচেষ্টায় সকল প্রকার প্রকল্পগুলির সফল রূপায়ণে আমরা নিরলস ব্রতী ও দৃঢ় প্রতিজ্ঞ। নিরপেক্ষতা আমাদের বীজমন্ত্র।

- সর্বশিক্ষা অভিযানের সফল রূপায়ণের মাধ্যমে প্রতিটি শিশুকে শিক্ষার আলোয় নিয়ে আসা।
- সার্বিক স্বাস্থ্যবিধান কর্মসূচীর মাধ্যমে স্বাস্থ্য-সচেতনতার মান বৃদ্ধি করা।
- সামাজিক বনসৃজন প্রকল্পের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা।
- দারিদ্রসীমার নীচে বসবাসকারী গৃহহীনদের গৃহনির্মাণ প্রকল্পের ও ভূমিহীনদের "নিজগৃহে নিজবাস" প্রকল্পের সফল রূপায়ণ।
- কৃষিজীবি মানুষদের মধ্যে সচেতনতা বৃদ্ধি, কৃষির উন্নয়ন ও গুচ্ছ বীমা প্রকল্প গ্রহণ।
- বিদ্যুৎ, রাস্তাঘাট ও পরিশ্রুত পানীয় জল সরবরাহের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন।
- ১৩ থেকে ১৮ বছর বয়সের ছাত্রীদের জন্য 'কন্যাশ্রী' প্রকল্পের সফল রূপায়ণ করা।
- মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়ার স্বপ্নের 'যুবশ্রী' প্রকল্পকে সফলতা দান করা।
- স্ব-সহায়ক দলগুলিকে আরো বেশী স্বনির্ভরতার লক্ষ্যে পৌঁছে দেওয়া।
- দুর্নীতিমুক্ত, স্বচ্ছ ও গতিশীল পঞ্চায়েত সমিতির মাধ্যমে নাগরিকদের সুষ্ঠু পরিষেবা প্রদান করা।

পার্থ হাজরা	শ্রাবণী মাইতি	শংকর বাগ
সমষ্টি উন্নয়ন আধিকারিক	*সভাপতি*	*সহ-সভাপতি*

৫০ জন বাঙালী নাথিকাদের সেকাল একাল— যদুপতি মান্না

ক্রমিক সংখ্যা	নাম	প্রথম ছবির নাম	পরিচালক	সাল
১	চন্দ্রাবতী দেবী	পিয়ারী	বিমল পাল	১৯২৪
২	সাধনা বসু	আলিবাবা	মধু বসু	
৩	তারকা বালা	দেবদাস	নরেশ মিত্র	১৯২৯
৪	ডমা শশী	বঙ্গবালা		১৯২৯
৫	কানন দেবী	জয়দেব		
৬	মলিনা দেবী	শ্রীকান্ত	রাধা ফিল্মস	
৭	যমুনা বড়ুয়া	রূপলেখা		১৯৩৪
৮	সন্ধ্যারাণী	বেকার নাশন	জ্যোতির্ময় বন্দোপাধ্যায়	
৯	ভারতী দেবী	ডাক্তার		১৯৪০
১০	অরুন্ধতী দেবী	মহাপ্রস্থানের		
		পথে	কার্ত্তিক চট্টোপাধ্যায়	১৯৫৮
১১	বিনতা রায়	ডদয়ের পথে	বিমল রায়	১৯৪৪
১২	মঞ্জু দে	স্বর্গ হতে বিদায়		
১৩	সুমিত্রা দেবী	সন্ধি	অপূর্ব মিত্র	১৯৭৪
১৪	দিপ্তী রায়	স্বয়ংসিদ্ধা	পরেশ মিত্র	১৯৭৪
১৫	অনুভা গুপ্তা	সন্ধি	অপূর্ব মিত্র	১৯৭৪
১৬	শকুন্তলা বড়ুয়া	সুনয়নী	অপূর্ব মিত্র	১৯৭৪
১৭	সুচিত্রা সেন	সাড়েচুয়াত্তর		
১৮	সুপ্রিয়া চৌধুরী	বসু পরিবার		
১৯	রুমা গুহ ঠাকুরতা	জেয়ারভাঁটা	অমিয় চক্রবর্ত্তী	১৯৪৪
২০	মালা সিনহা	রোশনারা		১৯৫২
২১	সাবিত্রী চট্টোপাধ্যায়	পাশের বাড়ী	সুবীর মুখোপাধ্যায়	১৯৫২
২২	কাবেরী বসু	রাই		১৯৫৫

২৩	বাসবী নন্দী	জমলায়ে জীবন্ত মানুষ		১৯৫৮
২৪	লিলী চক্রবর্তী	ভানু পেল লটারী	কনক মুখোপাধায়	
২৫	মাধবী মুখোপাধ্যায়	টনশীল	তপন সিনহা	
২৬	শর্মিলা ঠাকুর	চারুলতা	সত্যজিৎ রায়	
২৭	অঞ্জনা ভৌমিক	অনুষ্টুপ ছন্দ		১৯৬৪
২৮	অপর্ণা সেন	তিনকন্যা	সত্যজিৎ রায়	
২৯	সন্ধ্যা রায়	বাবা তারকনাথ	তরুন মজুমদার	
৩০	রাখীগুলজার	বধুবরণ	অজয় বিশ্বাস	
৩১	মুনমুন সেন	তিনকন্যা	সত্যজিৎ রায়	১৯৮২
৩২	সুমিত্রা মুখোপাধ্যায়	আজকের নাটক	দীনেশ গুপ্ত	
৩৩	আরতী ভট্টাচার্য্য	রাজা	তপন সিনহা	
৩৪	জয়া ভাদুড়ী	ধন্যি মেয়ে		
৩৫	মৌসুমী চট্টোপাধায়	বালিকাবধু	তরুন মজুমদার	
৩৬	মমতাশংকর	মৃগয়া		১৯৭৬
৩৭	মিঠু মুখোপাধ্যায়	শেষ পর্ব	চিত্ত বসু	১৯৭২
৩৮	মহুয়া রায়চৌধুরী	শ্রীমান পি		
৩৯	দেবশ্রী রায়	পাগলা ঠাকুর	বিমল রায়	
৪০	শতাব্দী রায়	আতঙ্ক	তপন সিনহা	
৪১	ঋতুপর্ণা সেনগুপ্ত	শ্বেত পাথরের থালা	প্রভাত রায়	১৯৯২
৪২	ইন্দ্রানী হালদার	তের পার্বন		
৪৩	রচনা বন্দোপাধ্যায়	সাগর গংগা		
৪৪	অর্পিতা পাল	অসুখ		
৪৫	সস্তিকা মুখোপাধ্যায়	হেমন্তের পাখি	ডর্মি চক্রবর্তী	
৪৬	ককংনা সেন শর্মা	শবি ইন্দিরা		১৯৮৩
৪৭	রাইমা সেন	গড মাদার		১৯৮৩
৪৮	পাওলি দাম	জীবন নিয়ে খেলা		১৯৮৩
৪৯	শ্রাবন্তী চট্টোপাধ্যায়	চ্যাম্পিয়ান		
৫০	কোয়েল মল্লিক	নাটের গুরু		

জীবন দর্শন

অধ্যাপক সোমশংকর মান্না, প্রভাত কুমার কলেজ, কাঁথি, দর্শন বিভাগ

সততা হল ,সফলতা।

যদি প্রশ্ন করা হয় এই জগতে প্রকৃত সফল ব্যক্তি কে? তাহলে সহজে বলা যায় যিনি সর্বদা সকলক্ষেত্রে সততা অবলম্বন করে থাকেন তিনি হলেন সফল ব্যক্তি।

বাঁচার অর্থ হোল

স্বপ্ন দেখা।

স্বপ্ন নামকবিষয়টি যদিও ব্যক্তি নিদ্রার মধ্যে দেখে থাকে তবুও জাগ্রত অবস্থায় আমাদের মন এক পরকার স্বপ্ন দেখে থাকে, সেই স্বপ্নই হোল আমাদের জীবনের বাঁচার সার বস্তু, যা আমাদেরকে উদ্দীপিত করে রাখে ও লক্ষ্যে পৌঁছতে সাহায্য করে। ঐ স্বপ্নই মানুষকে বাঁচিয়ে রাখে, জীবনে চলার পথে নানা প্রতিবন্ধকতার মাঝে।

স্বপ্ন হোল ব্যক্তির

ক্ষমতার অব্যক্ত রূপ য

ব্যক্তিকে লক্ষ্যে পৌঁছতে

সাহায্য করে।

আমরা জাগ্রত অবস্থায় যে স্বপ্ন দেখি সেই স্বপ্ন হোল আমাদের ক্ষমতার অব্যক্ত রূপ, যা আমাদেরকে ব্যক্ত লক্ষ্যের দিকে নিয়ে যায় এবং আমরা চূড়ান্তভাবে সেই স্বপ্নকে প্রকাশ করতে পারি আমাদের কর্মের মাধ্যমে, যে ব্যকিতজাগ্রত অবস্থায় তার ক্ষমতা অনুযায়ী স্বপ্ন দেখে না সে কখনো তার ক্ষমতাকে প্রকাশ করতে পারে না। ব্যক্তির স্বপ্নকে সঠিক উপায়ে সঠিক পথে পরিচালিত করতে পারলে তাঁর স্বপ্ন পূরণ নিশ্চিত।

শত চেষ্টায় যা তুমি পাওনি

জানবে তা তোমার নয় ।

আমরা ব্যবহারিক জীবনে অনেক চেষ্টা করেও আমরা আমাদের লক্ষ্যে পৌঁছতে পারি না বা লক্ষ্য পূরণ করতে পারি না। আসলে এর কারণ হোল যে বিষয় আমি পেতে চাইছি তা আমার জন্য নয় বা আমি তার যোগ্য নই।

যিনি অনন্তকাল ধরে
হিসেব করে আসছেন
তার কাছে আমার হিসাব
স্থান পবে কি?

যে পরম সত্তা এই জগতকে পরিচালিত ও নিয়ন্ত্রণ করছেন তিনি সৃষ্টির শুরু থেকে জাগতিক সকল বিষয়ে হিসেব নিকাশ করে আসছেন। আমরা ক্ষুদ্র জীব অজ্ঞানতার কারণে জীবনের সকল চাওয়া ও পাওয়াকে গাণিতিক নিয়মে হিসেব করার চেষ্টা করি। কিন্তু যিনি এই জগতের সকল বিষয়ের হিসেব কর্তা তার হিসেবের সঙ্গে সত্যি কি আমাদের হিসেব মিলে যায়?

আমি কি করেছি
এটা ভাবনার বিষয় নয়
আমি কি করতে পারব
সেটা হওয়া উচিত ভাবনার বিষয়।

আমরা অজ্ঞ জীব প্রায়ই আমাদের অতীতের ফেলে আসা কর্মের হিসেব নিকাশ করি, কখনো আমরা ভাবিনা যে এই জগতে আমরা কেবল কর্মী, আমাদের শুধুই কর্ম করতে হবে, আমাদের ভাবতে হবে জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত আমরা কি কি কর্ম করবো।

যে কর্মের ক্ষমতা
তোমার নেই
তা তুমি শত চেষ্টাতেও
করতে পারবে না ।

ব্যবহারিক জীবনে আমরা আমাদের মধ্যে যে কর্ম করার ক্ষমতা আছে সেই ক্ষমতা অনুযায়ী কর্ম না করে আমরা সর্বদা চেষ্টা করি যে কর্মের ক্ষমতা আমাদর মধ্যে নেই সেই কর্ম করার। ফলে, ব্যবহারিক জীবনে আমরা কর্ম করতে গিয়ে প্রায়ই ব্যর্থ হই।

সততার কাছে হার
হার নয়
মিথার কাছে হার
বড় হার।

অনেক সময় ব্যবহারিক জীবনে অনেক ঘটনা বা অনেক পরিস্থিতিতে যখন আমরা হেরে যাই,

তখন আমাদের মানসিক ভাবে বিচার করে দেখতে হবে আমাদের হার সত্যের কাছে হোল না মিথ্যার কাছে হোল। যদি তা সত্যের কাছে হয় তাহলে তা হার নয় কিন্তু যদি তা মিথ্যার কাছে হয় তাহলে বুঝতে হবে সত্যিই হার হয়েছে।

সব দংশন তো সহ্য করলি
পারবি বিবেকের দংশন সহ্য করতে?

আমরা ব্যবহারিক জীবনে এমন অনেক ঘটনা করে ফেলি যে ঘটনাটি অপরাধমূলক হলেও, অন্যে তার সমালোচনা করলেও আমরা অহংকারবশত তাকে এড়িয়ে চলি বা অগ্রাহ্য করি কিন্তু যদি কখনো আমাদের বিবেক জেগে ওঠে ও সেই ঘটনার সমালোচনাকে এড়িয়ে যেতে?

সব তো তোকে
ঘিরে আছে
চক্ষু মেলে দেখ না।

আমরা জ্ঞান লাভের জন্য দেশে বিদেশে দৌড়তে থাকি এবং নানান বিষয় দেখে আমরা নিজেদেরকে জ্ঞানী বলে অহংকার করি কিন্তু প্রকৃত জ্ঞান লাভ করার জন্য কখনোই বিষয় অভিমুখী হওয়ার প্রয়োজন নেই। প্রকৃত জ্ঞান লুকিয়ে আছে আমাদের নিজের মধ্যে একবার যদি আমরা তা দেখতে পাই তাহলে কখনো জ্ঞান লাভের জন্য আমরা দেশে বিদেশে দৌড়বো না।

যে মন যত নিচু
চিন্তা করে
সেই মন তত
উঁচু চিন্তা করে।

একটি সুতোয় বেঁধে যদি আমরা একটি বলকে পূর্ব - পশ্চিমে বা উত্তর - দক্ষিণে দুলিয়ে দিই তাহলে দেখতে পাব, বলটি দুলতে দুলতে পূর্ব দিকে যতটা যাচ্ছে পশ্চিমে দিকেও ঠিক ততটাই যায় কমও নয় আবার বেশিও নয়। ঠিক তেমনিভাবে মনের চিন্তার বিষয় যেমন সবচেয়ে নিচু বিষয় তেমনি সবচেয়ে উঁচু বিষয়ও, অর্থাৎ মন যতটা নিচু চিন্তা করবে ঠিক ততটাই সে উঁচু চিন্তা করবে।

কোন কিছুতে পূর্ণভাবে বিশ্বাস করলে
সফল হওয়া যায়।

বিশ্বাসে কিঞ্চিৎ সংশয়
থাকলে পরাজয় ঘটে।

ব্যবহারিক জীবন পরিচালনার ক্ষেত্রে বিশ্বাস রূপ মানসিক ক্রিয়ার প্রয়োজন অপরিহার্য। বিশ্বাস ছাড়া আমরা একটি পাও মাটিতে ফেলতে পারি না, জীবনে চলার পথে আমরা অনেক বিষয়ে সম্পূর্ণ বিশ্বাস রাখতে পারি না প্রায়ই আমরা অবিশ্বাস করে ফেলি, কিন্তু কোন বিষয়ে আমাদের সাফল্য নিশ্চিত, আর কিঞ্চিত অবিশ্বাস আমাদের মধ্যে ঢুকে পড়ে তাহলে আমরা নিশ্চিত সাফল্য থেকে সরে আসবো।

সদা আনন্দ মনের ধর্ম
ক্ষুদ্র চিন্তা মনের
আনন্দকে দূর করে দেয়।

আমাদের ব্যক্তি মন এক বৃহৎ মনের অংশ। যে বৃহৎ মনের অংশ আমাদের ব্যক্তিমন সেই বৃহৎ মনের স্বরূপ হল সৎ, চিৎ ও আনন্দ স্বরূপ। ঐ বৃহৎ মন আমাদরে ক্ষুদ্র দেহে প্রবেশ করে জীববৃত্তি নিয়ন্ত্রণে থেকে ক্ষুদ্র চিন্তা করার ফলে, মনের সদানন্দ ভাব মন থেকে চলে যায়।

আত্মশক্তি হোল মানুষের বল
এই শক্তির বলে মানুষ
পাথর ভেঙ্গে ফেলে
এই শক্তি হারালে
মানুষ জড় হয়ে যায়।

আত্মশক্তি হোল মানুষের মূল শক্তি যে শক্তি মানুষ অর্জন করে সততার দ্বারা অর্থাৎ সৎ ভাবনা ও সৎ কর্মের দ্বারা, ঐ শক্তি যিনি যথার্থভাবে অর্জন করতে পারবেন তিনি যত দূরহ কর্ম হোক না কেন তা করতে পারবেন। আর যিনি অসততার দ্বারা ঐ শক্তি হারিয়েছেন তিনি জড় বস্তুর সমান হয়ে পড়েন তার ফলে, কোন দূরহ কাজ তার পক্ষে করা অসম্ভব।

মানুষ অশান্তি অনুভব করে তখনই
যখন সে তার
পাওয়াটাকে ছোট মনে করে
মানুষ যা পেয়েছে তাকে
বড় করে দেখলে
কখনো অশান্তি অনুভব করে না।

এই জগতে আমরা যথার্থ শ্রমের দ্বারা যা পাই বা সততার দ্বারা আমরা যা উপার্জন করি তাহাই আমার যথাযথ প্রাপ্য বলে আমাকে মনে করতে হবে এবং তার দ্বারা আমাদের জীবন পরিচালিত করতে হবে। এই ভাবনা যিনি করেন তিনি কখনো শ্রমের দ্বারা প্রাপ্ত বিষয় নিয়ে অশান্তি অনুভব করেন না। যিনি সততার দ্বারা প্রাপ্ত বিষয়ে সন্তুষ্ট হন না তিনিই কেবল অশান্তি অনুভব করেন।

মনুষ্যত্বের পূজারি আমি
তাইতো
সর্বে শক্তি মান।

মনুষ্যত্ব মানুষের মনেরই এক শক্তি যা প্রধান শক্তি যিনি সকল ক্ষেত্রে মনুষ্যত্ব প্রদর্শন করতে পারেন, তিনিই হলেন সকল কর্ম করার ক্ষেত্রে যথার্থ শক্তিমান।

সহ্য শক্তি
সকল শক্তিকে
হার মানাতে পারে।

ব্যবহারিক জীবন যাপনের ক্ষেত্রে প্রায়ই ক্ষুদ্র শক্তিগুলি আমাদেরকে বা আমাদের সততাকে নানাভাবে প্রভাবিত করতে চায়, কিন্তু ঐ ক্ষুদ্র শক্তি থেকে আমাদেরকে রক্ষা করতে পারে যে শক্তি সে হোল আমাদের মনেরই এক শক্তি যা সহ্যশক্তি, এই সহ্যশক্তিই পারে সকল ক্ষুদ্র শক্তিকে হার মানাতে। এবং আমাদের লক্ষ্যে পৌঁছে দিতে।

সদর্থক চিন্তা মানুষকে
এগিয়ে নিয়ে যায়,
নঞর্থক চিন্তা মানুষকে
পিছিয়ে দেয়।

মানব জীবনে পথ চলতে গিয়ে নানাভাবে আমরা বাধা পেয়ে ভেঙ্গে পড়ি, ভাবতে শুরু করি আর বোধহয় এগোনো যাবে না আর বোধহয় আমরা কিছু করতে পারবো না। কিন্তু এটি একটি ভুল ধারণা, চলার পথে যদি আমরা নানারূপ সদর্থক চিন্তা নিয়ে আসি তাহলে দেখতে পাবো আমাদের জীবন গতিময় জীবন। আমরা বাধা পেরিয়ে অনেক কিছুই করতে পারি। আর যিনি কেবল নঞর্থক চিন্তা করেন বাধা পেয়ে থেমে যান চলার গতিকে রোধ করে ফেলেন তিনি চূড়ান্তভাবে তার পতন ডেকে আনেন এবং তার পতন হয়।

গতি মানতায় জীবনের
মূল্যকে পাওয়া যায়।
গতি হারিয়ে গেলে জীবন
জড়ে পরিণত হয়।

সকল মানুষ এই জগতে এক একজন কর্মীরূপে জন্ম গ্রহণ করেছেন। ঈশ্বর তাদের সৃষ্টি করেছেন জগৎটি সুন্দর করে যাওয়ার জন্য বা জগতে তাদের কর্মের চিহ্ন রেখে যাওয়ার জন্য, যিনি প্রকৃত কর্মী তিনি সারা জীবন কর্ম করে যান কখনো তিনি কর্ম থেকে বিরত থাকেন না। তিনি সর্বদা গতিমান কর্ম থামিয়ে ফেলেন তিনি জড় হয়ে যান ও জাবনের মূল্য খুঁজে পান না।

তুমিতো পার
নিজেকে তুলতে
নিজেকে ফেলতে
ভেবে দ্যাখো তুমি কি করবে!

আমরা একটু চিন্তা করলেই বুঝতে পারবো আমরা বিচার বুদ্ধিশীল জীব, এবং বিচার বুদ্ধি আমাদেরকে পরিচালনা করে এবং আমরা বিচার বুদ্ধির দ্বারা জানতে পারি কোনটি যথার্থ আর কোনটি অযথার্থ। কাজেই আমরা বিচার বুদ্ধির দ্বারা যথার্থ কর্ম করলে নিজেদেরকে বড় করতে পারবো, আর যদি আমরা বিচার বুদ্ধির দ্বারা অযথার্থ কাজ করি তাহলে আমরা নিচে নেমে যাব, কাজেই আমাদেরকে ঠিক করতে হবে আমরা কোনটি করবো?

সংবেদন হলো
মেঘ
ওতো আসে চলে যায়
থাকে স্বচ্ছ মন।

আমাদের মন একটি স্বচ্ছ দর্পণ যেখানে বিভিন্ন ধরণের সংবেদন প্রবেশ করে এবং ঐসব সংবেদনগুলি কেবল আসে ও চলে যায়। অর্থাৎ মনের মধ্যে ভালো ও মন্দের সংবেদন প্রবেশ করে, তারা যেমন আসে তেমনি ধীরে ধীরে চলে যায়। কিন্তু মন সর্বদা ঠিক তার পূর্বের অবস্থায় থাকে।

তুমি তাকেই তোমার
আদর্শ ভাববে

গুড়গ্রাম গ্রাম পঞ্চায়েত

নোনাবিরামপুর ঃঃ এক্তারপুর ঃঃ পূর্ব মেদিনীপুর

গুড়গ্রাম গ্রাম পঞ্চায়েত বাজকুল মিলন মেলা, ২০২২ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করে।

আমাদের অঙ্গীকার পূরাণের লক্ষ্যকে সামনে রেখে এগিয়ে যেতে সদা সচেষ্ট ঃ-

১. গুড়গ্রাম গ্রাম পঞ্চায়েতকে পূর্ব মেদিনীপুর জেলার শ্রেষ্ঠ পঞ্চায়েত হিসাবে তুলে ধরা।
২. স্ব-নির্ভর, স্বচ্ছ, সংবেদনশীল সুশাসন যুক্ত গ্রাম পঞ্চায়েত গড়ে গ্রামবাসীকে উপহার দেওয়া।
৩. পঞ্চায়েতের সুফল সমস্ত পরিবার সহ প্রান্তিক মানুষের কাছে পৌঁছে দেওয়া।
৪. আই. সি. ডি. এস., এস. এস. কে., এম. এস. কে., প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুল গুলিতে স্কুল ছুটের সংখ্যা কমানো সহ পঠন পাঠনের মানোন্নয়ণ ও নির্মল ভারত মিশনে অংশগ্রহণ করতে উৎসাহ দেওয়া।
৫. জননী সুরক্ষা, শিশুদের স্বাস্থ্য উন্নয়ন, টীকাকরণ কর্মসূচীর দ্বারা ও মাননীয় বিধায়ক অর্ধেন্দু মাইতি মহাশয়ের প্রদত্ত অ্যাম্বুল্যান্স পরিষেবা প্রদানের মাধ্যমে এবং ডেঙ্গু, রুবেলা প্রভৃতি রোগ নিয়ন্ত্রণের সচেতনতার প্রচার দ্বারা জনস্বাস্থ্য পরিষেবাকে আরও উন্নত করা।
৬. বনসৃজন, পরিবেশ উন্নতিকরণ, বিশুদ্ধ পাণীয় জলের পরিষেবা, শৌচাগার, ঢালাই রাস্তা, বৈদ্যুতিকরণ সুনিশ্চিত করা ও কম্যুনিটি টয়লেট গড়ে নির্মল পরিবেশ গড়ে তোলা।
৭. MGNREGA -এর কাজে মহিলাদের আরও বেশী অংশগ্রহণে উদ্যোগী হওয়া ও সমাজ গঠনে মহিলাদের ভূমিকা সম্বন্ধে সচেতন করা।
৮. স্বাস্থ্য সাথী, সমব্যথী সহ- সামাজিক সুরক্ষা এর মতো জনকল্যাণ প্রকল্পগুলি স্বচ্ছভাবে রূপায়ণ করা।
৯. PMY, Gitnjali প্রকল্পের সার্থক রূপায়ণ।
১০. গ্রাম পঞ্চায়েতের সমস্ত হিসেব GPMS এর মাধ্যমে সম্পন্ন করা ও সমস্ত পরিষেবা Software এর দ্বারা সম্পন্ন করার আন্তরিক চেষ্টা।
১১. সুস্থ সংস্কৃতি ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা।

রিন্টু রানা	**তপন কুমার বর্মন**
উপ-প্রধান	*প্রধান*
গুড়গ্রাম গ্রাম পঞ্চায়েত	গুড়গ্রাম গ্রাম পঞ্চায়েত

মিলন মেলার সার্বিক শুভ কামনায়...

বাসুদেববেড়িয়া ৮ নং গ্রাম পঞ্চায়েত

ভগবানপুর-২ পঞ্চায়েত সমিতি

উদবাদাল ❁ পূর্ব মেদিনীপুর

আমাদের লক্ষ্য-

মা-মাটি মানুষের জন্য শান্তি, সুশাসন ও উন্নয়ন

এখন পর্যন্ত যা করতে পেরেছি

১। গ্রাম পঞ্চায়েত এলাকার সকলের জন্য পানীয় জলের সুব্যবস্থা।
২। প্রতিটি মৌজায় প্রতিটি বাড়ীতে বিদ্যুতায়ন -এর ব্যবস্থা।
৩। মহাত্মাগান্ধী জাতীয় কর্মসংস্থান সুনিশ্চিত করণ প্রকল্পের মাধ্যমে গ্রামীণ রাস্তার সামগ্রিক উন্নয়ন ও সামাজিক বনসৃজন প্রকল্পের বাস্তব রূপায়ণ। পুকুর ও জলাশয় সংস্কারের মাধ্যমে "জল ধরো জল ভরো" -এর বাস্তবায়ন। জব-কার্ডধারী পরিবারের কর্মসংস্থান সুনিশ্চিত করা।
৪। প্রত্যেক মৌজায় কংক্রীটের রাস্তা উন্নতিকরন।
৫। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মিড-ডে মিলের সুষ্ঠু রূপায়ণ।
৬। প্রতিটি বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের ব্যবস্থা।
৭। বাংলা আবাস যোজনায় গরীব মানুষের বাসগৃহ নির্মাণ।
৮। রাষ্ট্রীয় স্বাস্থ্যবীমা যোজনার মাধ্যমে গরীব মানুষের সু-স্বাস্থ্যের ব্যবস্থা করা।
৯। বয়স্ক মানুষের জন্য বার্ধক্যভাতা ও বিধবা মা-বোনেদের জন্য বিধবা ভাতা প্রদানের ব্যবস্থা করা।
১০। অ-সংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের সামাজিক সুরক্ষা প্রদান।
১১। ভূমিহীন ভবিষ্যনিধি প্রকল্পের মাধ্যমে আমআদমি বীমা যোজনার বাস্তব রূপায়ণ।
১২। কৃষকদের মধ্যে বিনা মূল্যে বীজ ধান, সার ও ঔষধ প্রদানের ব্যবস্থা।
১৩। কৃষকদের জন্য কৃষান ক্রেডিট কার্ড প্রদানের ব্যবস্থা।
১৪। গ্রুপের মাধ্যমে আনন্দ ধারা প্রকল্পের সম্যক রূপায়ণ।
১৫। গ্রুপের প্রত্যেক সদস্যদের ও তার পরিবারের জন্য স্বাস্থ্য সাথী কার্ডের মাধ্যমে চিকিৎসার ব্যবস্থা।

আসুন সবাই মিলে গান্ধীজীর স্বপ্নের পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠার মাধ্যমে সুন্দর ভারত গড়ে তুলি।

অভিনন্দন ও শুভেচ্ছা সহ -

শ্রী দীপঙ্কর খাটুয়া
উপ-প্রধান

শ্রী রাজকুমার কয়াল
প্রধান

বাসুদেববেড়িয়া ৮নং গ্রাম পঞ্চায়েত

তৃপ্তি — অতৃপ্তি

ডঃ রাকা মাইতি (কবি)
অধ্যাপিকা, বাজকুল মিলনী মহাবিদ্যালয়

সেদিনটা ছিল এক কল্পমুহূর্ত।
মানসের সঙ্গে দেখা হয়েছিল,
সুদূর নীহারিকা মণ্ডলীর ছায়াপথে।
মানসের স্বপ্নিলঅশীম ভালবাসায়,
আমার অবচেতন মন নিমজ্জিত।
ওর গাঢ় গভীর ভালবাসায়,
আমি পূর্ণা নারী হয়েছিলাম,
ওর আবেশবিহ্বল 'প্রিয়া' সম্বোধনে,
আমি পূর্ণা জায়া হয়েছিলাম।
ওর সন্তানের মা সম্বোধনে
আমি পূর্ণাজননী হয়েছিলাম।
কিন্তু মানস,
আমি কি জীবনে তোমাকেই কামনা করেছিলাম?
তুমি কি আমার পরম কাঙ্খিত পুরুষ?
তোমার স্বপ্নসঙ্গিনী হয়ে কি আমি সুখী?
সেদিনটা ছিল এক বাস্তবক্ষণ।
জীবনের সঙ্গে দেখা হয়েছিল,
অসম্ভব ভিড়ে ঠাসা পাঁচ নম্বর বাসে।
জীবনের বাস্তব সসীম ভালবাসায়,
আমার সচেতন মন নিমজ্জিত।
ওর ছকে বাঁধ কেজো ভালবাসায়
আমি পূর্ণা নারী হয়েছিলাম
ওর মোহময় 'প্রিয়া' সম্বোধনে
আমি পূর্ণা 'জায়া' হয়েছিলাম।
ওর সন্তানের 'মা' সম্বোধনে,
আমি পূর্ণা 'জননী' হয়েছিলাম।
কিন্তু জীবন,
আমি কি জীবনে তোমাকেই কামনা করেছিলাম?
তুমিই কি আমার পরম কাঙ্খিত পুরুষ?
তোমার বাস্তবসঙ্গিনী হয়ে কি অমি সুখী?

—০ঃঃঃ০—

বিখ্যাত মানুষ

স্বরাজ কুমার করণ

স্বামী বিবেকানন্দ ঃ-

স্বামী বিবেকানন্দ (১৮৬৩ - ১৯০২ খ্রিঃ) মনীষী ও যুগনায়ক। শ্রীশ্রী রামকৃষ্ণদেবের শিষ্য এবং তাঁর ধর্মমতের প্রচারক। শিকাগো ধর্ম মহাসভায় বক্তৃতা দিয়ে বিশ্বব্যাপী খ্যাতি লাভ করেন। শ্রীশ্রী রামকৃষ্ণের 'শিবজ্ঞানে জীবসেবাব'র আদর্শ নিয়ে রামকৃষ্ণ মিশন এবং বেলুড় মঠের প্রতিষ্ঠা করেন।ভগিনী নিবেদিতা তাঁর শিষ্যা। নিম্নবর্গের মানুষের প্রতি তাঁর শ্রদ্ধা ও ভালোবাসা ছিল অপরিসীম। দেশের যুব সমাজকে সমাজ ও জীবসেবায় উধ্বুদ্ধ করতে চেয়েছেন। বাংলা চলিত ভাষায় অসামান্য দক্ষতা ছিল। ইংরেজীতে 'কর্মযোগ', 'রাজযোগ', 'জ্ঞানযোগ' প্রভৃতি এবং বাংলায় 'পরিব্রাজক', 'বর্তমান ভারত', 'প্রাচ্য ও পাশ্চাত্য' প্রভৃতি গ্রন্থ রচনা করেন।

স্যার উপেন্দ্রনাথ ব্রহ্মচারী ঃ-

(১৮৭৩ - ১৯৪৬খ্রিঃ) চিকিৎসাবিদ। কালাজ্বরের এখমাত্র ওষুধ 'ইউরিয়া স্টিবামাইন' আবিষ্কার করে বিখ্যাত হয়ে আছেন। গণিতে অনার্সসহ বি. এ. রসায়নে প্রথম হয়ে স্নাতকোত্তর পাশ করেন। ডাক্তারি পড়াকালীনও অসামান্য কৃতিত্বের পরিচয় দেন। শিক্ষকতা করেছেন ঢাকা মেডিকেল স্কুলে এবং কলকাতার মেডিকেল কলেজে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে জৈব রসায়নের অধ্যাপকও ছিলেন। চিকিৎসাবিজ্ঞান সংক্রান্ত তাঁর লেখা বিখ্যাত বই "ট্রিটিজ অন কালাজ্বর"। দেশীয় গাছ-গাছড়া থেকে ওষুধ তৈরীর জন্য 'ব্রহ্মচারী রিসার্চ ইনস্টিটিউট' প্রতিষ্ঠা করেন। ১৯৩৪ সালে 'নাইট' উপাধি পান।

অগ্নিবেশ ঃ-

(খৃঃ পূঃ অষ্টম শতক) প্রাচীন ভারতীয় চিকিৎশা শাস্ত্রজ্ঞ। জন্মথান মগধ, সঠিক জন্মকাল জানা যায়নি। দুটি আশ্রম ছিল তাঁর, একটি তক্ষশিলায়, অন্যটি কাশীতে। আয়ুর্বেদ শাস্ত্রে গবেষণা করে তিনি বারো হাজার শ্লোক সমন্বিত এখ গ্রন্থ রচনা করেন, নাম 'অগ্নিবেশ তন্ত্র'। তাঁর জীবনকে ঘিরে অনেক কিংবদন্তী প্রচলিত, তবে সেগুলির সত্যতা প্রমাণসাপেক্ষ।

অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান ঃ-

অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান (৯৮০-০১০৫৩খ্রিঃ) বিখ্যাত ভারতীয় পন্ডিত ও তিব্বতে বৌদ্ধ ধর্মের প্রধান প্রচারক। বিক্রম-মণিপুরের রাজা কল্যাণশ্রীর পুত্র। পূর্বনাম - আদিনাথ চন্দ্রগর্ভ। উনিশ বছর বয়সে

দন্ডপুরীর মহাসঙ্ঘের আচার্য শীল রক্ষিত তাঁকে বৌদ্ধধর্মে দীক্ষিত করেন এবং 'শ্রীজ্ঞান' উফাধি দান করেন তাঁর বিভিন্ন গ্রন্থের মধ্যে 'বেধিপাঠ প্রদীপ পঞ্জিকা', 'বোধপাঠপ্রদীপ' প্রভৃতি উল্লেখযোগ্য।

অন্নদাশঙ্কর রায় ঃ-

অন্নদাশঙ্কর রায় (১৯০৫ - ২০০২ খ্রিঃ) কথাসাহিত্যিক এবং অসাধারণ ছড়ালেখক। ওড়িষ্যার ঢেনকালনে শিক্ষা শুরু। পাটনা বিশ্ববিদ্যালয়ের বি. এ. (ইংরেজি অনার্সে প্রথম)। এম. এ. পড়ার সময়ইআই. সি. এস. পরীক্ষায় প্রথম হয়ে সরকারী খরচে বিলেতে যান। 'পথে প্রবাসে', 'জাপানে' তাঁর বিখ্যাত ভ্রমণকাহিনী। প্রতম উফন্যাস 'আগুন নিয়ে খেলা'। এ ছাড়া অন্যান্য উপন্যাস 'সত্যাসত্য' (পাঁচ খন্ড), ক্রান্তদর্শী (চার খন্ড), 'রত্ন ও শ্রীমতী', 'কন্যা', 'ফেরা' প্রভৃতি। 'সাহিত্য আকাদেমী' পুরস্কার, 'পদ্মভূষণ' ও 'দেশিকোত্তম' উফাধি পান তিনি।

রবীন্দ্রনাথ ঠাকুর ঃ-

রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৭১ - ১৯৫১ খ্রিঃ) আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিত্রশিল্পী ও শিশু সাহিত্যিক। গুণেন্দ্রনাথের এই পুত্র প্রথাগত শিক্ষা বিশেষ গ্রহণ না করলেও ইংরেজী, ফরাসি ও সংস্কৃত ভাষায় তাঁর রীতিমতো দখল ছিল। ইতালীয় শিল্পী গিলার্দি এবং ইংরেজ শিল্পী পাসারের কাছ প্যাস্টেল, জল - রং এবং তেল - রং দিয়ে ছবি আঁকা শেখেন। প্রথমদিকে কৃষ্ণলীলা বিষয়ক ছবি আঁকতেন, পরে 'বজ্রমুকুট', 'ঋতুসংহার', 'বুদ্ধও সুজাতা' প্রভৃতি বিখ্যাত ছবি আঁকেন। তিনি গভর্নমেন্ট আর্ট কলেজের উপাধ্যক্ষ ছিলেন, 'ওরিয়েন্টাল আর্ট সোসাইটি' স্থাপন করেন। 'নালক', 'ক্ষীরের পুতুল', 'বুড়ো আংলা', 'রাজকাহিনী', 'ভুতপেত্রীর দেশে', 'আপন কথা' প্রভৃতি বই বাংলা শিশু ও কিশোর সাহিত্যে তাঁর অবদান অবিস্মরণীয়।

অরবিন্দ ঘোষ ঃ-

অরবিন্দ ঘোষ (ঋষি অরবিন্দ) (১৮৭২ - ১৯৫০খ্রিঃ) সশস্ত্র স্বাধীনতা সংগ্রামী ও আধ্যাত্মিক গুরু। সুশিক্ষিত এই মানুষটি বিপ্লবীমন্ত্রে দীক্ষা গ্রহণ করেন। 'বন্দেমাতরম্' পত্রিকা সম্পাদনা করেছিলেন কিছুদিন। আলিপুর বোমা মামলায় মুক্তি লাভ করে ধর্মনৈতিক জীবন গ্রহণ করেন। ফরাসি মহিলা মাদাম পল বিশার (শ্রীমা) এবং তিনি পন্ডিচেরীতে আশ্রম স্থাপন করেন। ৩০টিরও বেসি ইরেজি গ্রন্থ ও দুটি বাংলা গ্রন্থ রচনা করেন। সবচেয়ে বিখ্যাত গ্রন্থের নাম 'দ্য লাইফ ডিভাইন'।

আচার্য প্রফুল্ল চন্দ্র রায় ঃ-

আচার্য প্রফুল্ল চন্দ্র রায় (১৮৬১ - ১৯৪৪ খ্রিঃ) রসায়নবিদ। ভারতবর্ষের প্রথম রাসায়নিক দ্রব্য

ও ওয়ুধ কারখানা বেঙ্গল ্যকমিক্যাল অ্যান্ড ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস লিমিটেড' -এর প্রতিষ্ঠাতা। ভারতীয় রসায়ন - বিজ্ঞানিদের একটি গোষ্ঠীও তৈরী করেন। বাংলাদেশে (অখন্ড) বিভিন্ন শিল্পের উন্নতি এবং ব্যবসাবাণিজ্য প্রসারে তাঁর অদম্য উৎসাহ ছিল। বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার ক্ষেত্রেও তাঁর অবদান উল্লেখযোগ্য। মৌলিক গবেষণার জন্য এডিনবরা বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রি পান। গান্ধিজীর নেতৃত্বে সংঘটিত অসহযোগ আন্দোলনে যোগ দেন।

আবুল কালাম আজাদ ঃ-

আবুল কালাম আজাদ (১৮৮৮ - ১৯৫৮ খ্রিঃ) ভারতীয় স্বাধীনতা সংগ্রামী ও বিশিষ্ট চিন্দাবিদ। মৌলানা আজাদ নামেই অধিক পরিচিত ছিলেন। কর্ম জীবনের শুরুতেই সাংবাদিক হিসেবে ব্রিটিশ রাজের বিরুদ্ধে ও জাতীয়তাবাদের পক্ষে সওয়াল করেন। যুক্ত হয়েছিলেন খিলাফৎ ও অসহযোগ আন্দোলনের সঙ্গে। গান্ধিজী স্বদেশী ও স্বরাজের আদর্শ তাঁকে প্রভাবিত করে। স্বাধীন ভারতের প্রথম শিক্ষামন্ত্রী হিসেবে তাঁর স্মরণীয় কীর্তি ইউনির্ভাসিটি গ্রান্টস্ কমিশনের প্রতিষ্ঠা।

আশুতোষ মুখোপাধ্যায় ঃ-

আশুতোষ মুখোপাধ্যায় (১৮৬৪ - ১৯২৪খ্রিঃ) বিশিষ্ট শিক্ষাবিদ আশুতোষ মুখোপাধ্যায় তাঁর তেজস্বী চরিত্রের জন্য 'বাংলার বাঘ' নামে বিখ্যতৈ। কলকাতা বিশ্ববিদ্যালয়ে তিনিই প্রথম দুটি বিষয়ে স্নাতকোত্তর হন। এর একটি পদার্থবিদ্যা। ওকালতি পাশ করেন এবং ডক্টর অফ ল হন। পালি, ফরাসি ও রুশ ভাষায় তাঁর বিশেষ দক্ষতা ছিল। কিছুদিন রাজনীতি করেন। 'ডিফারেন্সিয়াল ক্যালকুলাস' এভং 'ইকুয়েশন' -এ তাঁর জ্ঞানের গভীরতার সমাধান ক্ষমতার পরিচয় পেয়ে বিদেশের পন্ডিতরা অভিনন্দন জানান। ১৯০৬ - ১৯১৪ সাল পর্যন্ত কলকাতা বিশ্ববিদ্যালয়ের উফাচার্য ছিলেন।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঃ-

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, (১৮২০ - ১৮৯১খ্রিঃ) শিক্ষাবিদ ও সমাজসংস্কারক। পরকৃত পদবী বন্দ্যোপাধ্যায় ছোট্ট ঈশ্বরচন্দ্রের অসাধারণ প্রতিভায় মুগ্ধ হয়ে মাত্র ৯ বছর বয়সেই সংস্কৃত কলেজ তাঁকে ভতি নিয়ে নেয়। ১৮৩৯ সালে তিনি হিন্দু 'ল পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হন এবং ওই বছরই সংস্কৃত কলেজড তাঁকে 'বিদ্যাসাগর' উপাধিতে ভূষিত করে। কাব্য, জ্যোতিষ প্রভৃতি শাস্ত্রে তিনি অসাধারণ ব্যুৎপত্তি লাভ করেন। হিন্দি এবং ইংরেজি ভাষাতেও তাঁর দক্ষতা ছিল। ১৮৫১ সাল থেকে শুরু করে সংস্কৃত কলেজের অধ্যক্ষ হিসেবে দীর্ঘদিন কাজ করেন। ছাত্রপাঠ্য বহু গ্রন্থ লিখেছেন, যেমন — 'বর্ণপরিচয়', 'বোধোদয়', 'আখ্যানমালা', 'উপ ক্রমণিকা' প্রভৃতি। রয়েছে বেশ কিছু অনুবাদ গ্রন্থও। যেমন — 'ভ্রান্তিবিলাস', 'কাদম্বরী' প্রভৃতি। বিধবা বিবাহ আন্দোলন সমাজসংস্কারক হিসেবে তাঁর প্রধান কীর্তি, স্ত্রীশিক্ষা বিস্তারেও

তাঁর ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উপেন্দ্রকিশোর রায়চৌধুরি ঃ-

উপেন্দ্রকিশোর রায়চৌধুরি (১৮৬৩ - ১৯১৫ খ্রিঃ) শিশুসাহিত্যিক। শিক্ষা কলকাতার মেট্রোপলিটন ইনস্টিটিউট এভং প্রেডেন্সি কলেজে। ছেলেদেরে 'রামায়ণ', ছেলেদের 'মহাভারত', 'টুনটুনি'র বই', 'গুপি গাইন, বাঘা বাইন' প্রভৃতি তাঁর কয়েকটি বিখ্যাত বই। ১৯১৩ সালে তাঁর সম্পাদনায় প্রকাশিত হয় 'সন্দেশ' পত্রিকা। গান-বাজনার প্রতি ঝোঁক থেকে উপেন্দ্রকিশোর গান লিখেছেন। চিত্রশিল্পী হিসেবেও তাঁর কৃতিত্ব কম নয়। তেল-রং ও জল-রং -এ অনেক ছবি এঁকেছেন, যেমন — 'হিন্দুসথানী উফকথা' বা রবীন্দ্রনাথের 'নদী' কবিতার ছবি। মুদ্রণ পদ্ধতি নিয়েও গবেষণা করেছেন। তাঁর প্রতিষ্ঠিত 'উ. রায় অ্যান্ড সন্স' কোম্পানি থেকেই এদেশে প্রসেস শিল্পের বিকাশ শুরু হয়।

কাজিনজরুল ইসলাম ঃ-

কাজি নজরুল ইসলাম (১৮৯৯ - ১৯৭৬ খ্রিঃ) কবি। বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্ম। ১৯১৭ তেকে ১৯১৯ পর্যন্ত কাজ করেন সেনাবাহিনীতে। প্রথম কবিতা 'মুক্তি'। ১৯২১ সালে রচনা করেন 'বিদ্রোহী' কবিতা' এবং সঙ্গে সঙ্গেই বৃহত্তর পাঠক সমাজে পরিচিতি লাভ। ১৯২২ সালে তাঁর সম্পাদনায় প্রকাশিত হয় 'ধুমকেতু' পত্রিকা। এই পত্রিকায় তিনি ভারতের স্বাধীনতার দাবি তুলে ধরেন।ব্রিটিশ সরকার এই পত্রিকা বন্ধ করে দেয় এবং তাঁর এক বছরের জেল হয়। ১৯৪২ সালে তিনি পক্ষাগাতগ্রস্ত হয়ে নির্বাক ও বোধশক্তিহীন হয়ে পড়েন। ১৯৭৬ সালের ২৯শে আগষ্ট ঢাকাতে তাঁর জীবনাবসান হয়।

কালিদাস ঃ-

কালিদাস (আনু. খ্রিষ্টীয় চতুর্থ শতক) কবি ও নাট্যকার। দ্বিতীয় চন্দ্রগুপ্তের নবরত্ন সভার অন্যতম রত্ন হিসেবে খ্যাত সংস্কৃত সাহিত্যজগতের প্রক্যাক ব্যক্তিত্ব কালদিাস। তাঁর রচিত কাব্য ও নাটকগুলির মধ্যে উল্লেখযোগ্য হল — 'রঘুবংস', 'কুমারসম্ভব', 'মেঘদূত', 'ঋতুসংহার', 'অভিজ্ঞান শকুন্তলম্', 'বিক্রমোর্বশী', 'মালবিক্যাগ্নিমিত্র' প্রভৃতি।

চন্দ্রশেখর বেঙ্কটরামন ঃ-

চন্দ্রশেকর রামন বেঙ্কটর রামন (১৮৮৮ - ১৯৭০ খ্রিঃ) বিজ্ঞানী। চেন্নাই -এর প্রেসিডেন্সি কলেজ থেকে পাস করেন। পদার্থবিদ্যায় এম. এ. পাস করে ফিনানসিয়াল সিভিল সার্ভিস পরীক্ষা দিয়ে চাকরি করতে আসেন কলকাতায়। প্রথমে চতাঁকে আকর্ষণ করে 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টি ভেশন অব্ সায়েন্স'। রাজাবাজার সায়েন্স কলেজ তৈরী হওয়ার পর আশুতোষ মুখোপাধ্যায় পালিত প্রফেসর করে তাঁকে সেখানে নিয়ে এলেন। উপকরণ সামান্য, কিন্তু তা নিয়েই তিনি 'আলোর বিক্ষেপণ' বিষয়ে

গবেষণা করতে থাকেন। এই গবেষণার ফলস্বরূপ ১৯৩০ সালে পামন এফেক্ট-এর জন্য প্রথম ভারতীয় হিসেবে পদার্থ বিদ্যায় নোবেল পুরস্কার পান।

চরক ঃ-

চরক (খ্রিঃ পূ. ২ শতক) আয়ুর্বেদ চিকিৎসক। চরককে আয়ুর্বেদিক চিকিৎস্যাবিদ্যার প্রতিষ্ঠাতা বলা যায়। তাঁর রচিত গ্রন্থের নাম 'ছরক সংহিতা'। তাঁর এই গ্রন্থে পাওয়া যায় ভ্রূণের সৃষ্টি ও গঠন, মানবশরীরের গঠন, নানা রোগের লক্ষণ ও শ্রেণিবিভাগ, রোগনির্ণয়, নানা রোগের চিকিৎস্যা ও যৌবনলাভের বৈজ্ঞানিক উপায়। চরক নানারকমভাবে ওষুধ তৈরী করার নির্দেশ দিয়েছেন। জীবজন্তুর দেহ থেকে সংগৃহীত কিছু জিনিস এবং খনিজ থেকে ওষুধ তৈরির কথা বলেছেন,গাছগাছড়াতো আছেই।

জগদীশচনদ্র বসু ঃ-

জগদীশচন্দ্র বসু (১৮৫৮ - ১৯৩৭ খ্রিঃ) বিজ্ঞানী। আদি নিবাস ঢাকা। উদ্ভিদদের যে জীবন আছে সেই গুরুত্বপূর্ণ আবিষ্কারের জন্য তিনি বিখ্যাত হয়ে আছন। বৈদ্যুতিক চুম্বক তরঙ্গ নিয়ে গবেষণা করেন। বিনা তারে বার্তা পাঠানোর পদ্ধতি তিনিই আবিষ্কার করেন।

জন এফ. কেনেডি (১৯১৭ - ১৯৬৩ খ্রিঃ) আমেরিকার প্রেসিডেন্ট। অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী। ১৯৬০ সালে আমেরিকা যুক্ত রাষ্ট্রের প্রেসিডেন্ট হন। অনেক প্রতিশ্রুতি দিয়েছিলেন, হয়তো পালনও করতেন, কিন্তু ১৯৬৩ সালে আসওয়াল্ড নামে এখ ঘাতকের হাতে গুলিতে নিহত হন।

জীবনীনন্দ দাশ ঃ-

জীবনানন্দ দাশ (১৮৯০ - ১৯৪৫ খ্রি.) কবি। রবীন্দ্রনাথের পর আধুনিক বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবি। মা কুসুমকুমারী দেবীও কবি ছিলেন। জন্মস্থান বরিশাল। 'ঝরা পালক', 'ধূসর পান্ডুলিপি', 'সাতটি তারার তিমির', 'বনলতা সনে', 'রূপসী বাংলা' প্রভৃতি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ। মৃত্যুর পর বেশ কিছু উপন্যাস প্রকাশিত হয়। অগুলি সম্পূর্ণ ভিন্ন ধারায় রচিত। এদের মধ্যে 'মাল্যবান', 'সুতীর্থ', 'কারুবাসনা' প্রভৃতি উল্লেখযোগ্য। কবিতার কথা নামে তাঁর একটি প্রবন্ধ গ্রন্থও আছে।

দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ ঃ-

দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ (১৮৭০ - ১৯২৫ খ্রি.) দেশপ্রেমিক। বিখ্যাত আইড়জীবি। ছাত্রজীবন থেকেই রাজনীতির সঙ্গে যুক্ত। গান্ধিজীর আহ্বানেব্যারিস্টারি ত্যাগ করে দেশসেবায় আত্মনিয়োগ করেন। নিজের বাড়িটা পর্যন্ত দান করেন, এখন সেটাই 'চিত্তরঞ্জন সেবাসদন' নামে পরিচিত। স্ত্রী বাসন্তী দেবীও ছিলেন স্বামীর যোগ্য সহচরী। চিত্তরঞ্জনের অন্য পরিচয় কবি ও প্রাবন্ধিক হিসেবে। কাব্যগ্রন্থ 'মালঞ্চ'

প্রথম একটি পত্রিকা প্রকাশ করেছিলেন।

মাইকেল মধুসূদন দত্ত ঃ-

মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪ - ১৮৭৩ খ্রিঃ) সাহিত্যিক। বাংলা কাব্যসাহিত্য, নাট্যসাহিত্য এবং ছন্দশাস্ত্রে মৌলিক অবদানের জন্য স্মরণীয়। তাঁর শ্রেষ্ঠ রচনা 'মেঘনাদ কাব্য'। এ ছাড়া তিনি 'বরজাঙ্গ না' ও 'তিলোত্তমাসম্ভব' কাব্য রচনা করেন। ওভিদের 'হিরোইন এপিল্‌শ্‌' অবলম্বনে লেখেন, নাম 'কৃষ্ণকুমারী'। ইংরেজি সনেটের অনুকরণে বাংলায় তিনি লেখেনে 'শর্মিষ্ঠা' এবং 'পদ্মাবতী' নাটক। ইংরেজী সনেটের অনুকরণে বাংলায় তিনি লেখেন 'চতুর্দশপদী কবিতাবলী'। ইংরেজি ব্ল্যাঙ্ক ভার্সের অনুসরণে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করে বাংলা ছন্দের ক্ষেত্রে তিনি এখ বিপ্লব আনেন। চারটি ইংরেজি সম্পাদনা করতেন। তিনি — 'মাদ্রাজ সারকুলেটর', 'এথেনিয়াম', 'হিন্দু' এবং মাদ্রাজ স্পেক্‌টেটর।'

মাতঙ্গিনী হাজরা ঃ-

মাতঙ্গিনী হাজরা (১৮৬৯ - ১৯৪২ খ্রি.) স্বাধীনতা সংগ্রামী। দরিদ্র কৃষক পরিবারে জন্ম। প্রথাগত শিক্ষার সুযোগও সেভাবে পাননি। তবু মানবিকতা আর প্রতিবাদের আদর্শে দীক্ষিত হয়ে ওঠেন। গান্ধিজীর অহিংস নীতিতে আস্থা রেখে ১৯৩২ -এ যোগ দেন অসহযোগ আন্দোলনে। গ্রেফতরাও হন। মেদিনীপুরের তমলুক শহরে ১৯৪২ সালের ২৯ সেপ্টেম্বর এখ মিছিলে নেতৃত্ব দেওয়ার সময় পুলিশের গুলিতে তিনি নিহত হন।

মেঘনাদ সাহা ঃ-

মেঘনাদ সাহা (১৮৯৩ - ১৯৫৬ খ্রি.) শিক্ষাবিদ ও দেশপ্রেমিক। দরিদ্র ঘরের সন্তান, শিক্ষাক্ষেত্রে প্রচুর কৃতিত্ব। রিলেটিভিটি, প্রেসার অফ লাইট ও অ্যাস্ট্রোফিজিক্স নিয়ে গবেষণার জন্য ডি. এস. সি. ডিগ্রি পান। আন্তর্জাতিক খ্যাতি পান থিওরি অফ থার্মাল আয়োনাইজেশন নিয়ে কাজ করে। শিক্ষক হিসেবে বিশ্বজোড়া খ্যাতি। প্রথমে পদার্থবিদ্যার শিক্ষাকেন্দ্র ও গবেষণার স্কুল 'ইনস্টিটিউট অফ ফিজিক্স' প্রতিষ্ঠা করেন। দেশের উন্নতির জন্য তাঁর আন্তরিক প্রচেষ্টা ছিল। সারা জীবনে প্রচুর প্রবন্ধ ও বেশ কিছু বই লিখেছেন।

মোহনদাস করমচাঁদ গান্ধী ঃ-

মোহনদাস করমচাঁদ গান্ধী (১৮৬৯ - ১৯৪৮ খ্রি.) দেশনায়ক। ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের অন্যতম কান্ডারি ছিলেন। অহিংসার পূজারি গান্ধিজীর রাজনৈতিক জীবনের সূত্রপাত দক্ষিণ আফ্রিকায়। ১৮৯৩-তে আইন ব্যবসায় পসার লাভের উদ্দেশ্যে তিনি দক্ষিণ আফ্রিকায় পা রাখলেও ভারতীয়দের

প্রতিসরকারের বর্ণবিদ্বেষমূলক নীতির প্রতিবাদে ভারতীয়দের সংঘবদ্ধ করে অহিংস পদ্ধতিতে এখ আন্দোলন গড়ে তোলেন। ১৯১৪ -তে সফল হয় তাঁরা প্রয়াস। এগ্নপর ১৯১৫ -তে দেশে ফিরে অহিংসা আর সত্যাগ্রহকে হাতিয়ার করেই আত্মনিয়োগ করেন ব্রিটিশ বিরোধী সংগ্রামে। ১৯২০ সালে তাঁর তেৃত্বেই ব্রিটিশ সরকারের বিরুদ্ধে অসহযোগ আন্দোলন শরিি হয়। ১৯৪২ সালে নেতৃত্ব দেন 'ভারত ছাড়ো' আন্দোলনের। অনিবার্য ভাবেই কারারুদ্ধ করা হয় তাঁকে। নাথুরাম গড্সের গুলিতে গান্ধিজি নিহত হন।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ঃ-

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৭৬ - ১০৯৩৮ খ্রি.) ঔপন্যাসিক। অতি সাধারণ মানু,কে অবলমর করে প্রাণবন্ত কাহিনি রচনা ছিল তাঁর সহজাত দক্ষতা। তিনিই সম্ভবত বাংলাভাষার সবচেয়ে জনপ্রিয় সাহিত্যিক। তাঁর 'শ্রীকান্ত', 'গৃহদাহ', 'চরিত্রহীন' প্রভৃতি চোটোগল্প বা ছোটো উফন্যাস অসাধারণ সৃষ্টি। তাঁকে দরদী কথা সাহিত্যিক ' বলা হয়।

সত্যজিৎ রায় ঃ-

সত্যজিৎ রায় (১৯২১ - ১৯৯২ খ্রি.) শিল্পী ও চিত্রপরিচালক। বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন তিনি। চিত্র পরিচালক হিসেবে বিশ্বখ্যাত হলেও শিল্পী হিসেবেই আত্মপ্রকাশ। কবি সুকুমার রায়ের পুত্র। প্রথম ছবি 'পথের পাঁচালী' কান্ ফিল্ম ফেস্টিভ্যালে পুরস্কার পায়। অন্যান্য কয়েকটি বিখ্যাত ছবি — 'জলসা ঘর', 'কাঞ্চজ্ঘা', 'চারুলতা', 'ঘরে বাইরে', 'শতরঞ্জ কে খিলাড়ি', আগন্তুক'। সাহিত্যিক হিসেবেও উচ্চর্পশংসিত, গোয়েন্দা ফেলুদা এবং প্রফেসার শঙ্কু তাঁর দৃষ্ট দুই অবিস্মরণীয় চরিত্র। বহু পুরস্কারে ভূষিত, তার মধ্যে আছে ফ্রান্সের সর্বোচ্চ সম্মান 'লিজিয়ন অফ অনার', লাইফটাইম অ্যচিভমেন্ট অস্কার, ভারতরত্ন ইত্যাদি।

সত্যেন্দ্রনাথ বসু ঃ-

সত্যেন্দ্রনাথ বসু (১৮৯৪ - ১৯৭৪ খ্রি.) পদার্থবিদ। বিশিষ্ট বিজৰানী প্ল্যাংক এবং পদার্থবিদ আইনস্টাইনের আলো সম্পর্কিত বিখ্যাত তত্ত্বগুলির অশম্পূর্ণতা দেখিয়ে তিনি যে প্রবন্ধ লেখেন সেটি এঁদের মতো বিজ্ঞানীদের কাছেও তাঁকে শদ্ধেয় করে তোলে। সত্যেন্দ্রনাথের সংশেধনীটি 'বোস-আইনস্টাইন' নামে এবং তার প্রয়োগটি 'বোসআইনস্টাইন স্ট্যাটিস্টিকিস' নামে পরিচিত হয়। কণিকা - পদার্থবিদ্যায় মৌলকণাগুলিকে যে-দুটি ভাগে ভাগ করা হয়েছে, তার একটি ভাগকে সত্যেন্দ্রনাথের পদবি অনুসারে নাম দেওয়া হয়েছে বোসন (Boson)।

পরিযাই মন

অঞ্জলি সামন্ত দাস

বর্ষা আসার আগেই
মনকে গুছাবো।
সমস্ত বাধা বিঘ্নকে দূরে সরিয়ে
শীতের শুরুতে —
পাড়ি দেবো তোমার কাছে।
পরিযাই পাখিরা যেমন যায় —
পাহাড়, সমুদ্র, নদী, দেশ।
ডিঙিয়ে ডিঙিয়ে।।

বসন্তের কোনো বিকেলেই
মুখো-মুখি হব।
তখন নতুন পাতা গাছে গাছে —
পলাশের আগুন রাঙা রং
পশ্চিম দিগন্তকে ঢাকবে।
মৌমাছির গুঞ্জন, কোকিলের চঞ্চলতা
ঝিম্ ধরাবে সমস্ত শরীর জুড়ে
এঁকিয়ে বেঁকিয়ে।।

আমার ব্যকুল অস্থিরতায় হার মানবে
পাথুরে পাহাড়ী পথের রুক্ষতা
ধূ - ধূ মরুভূমির তীব্র প্রখরতা

অভিপ্রায়

শেখর পাল

স্থীর বুদ্ধি অসীম ধৈর্য্য থেকে যুদ্ধের কামনা করছি।
প্রকৃতির প্রতি আমার দৃঢ় বিশ্বাস রয়েছে।
অপ্রাকৃত কোনো কিছুর বিরুদ্ধে আমার সংগ্রামী বার্তা।
মৃত্যুর উপ কণ্ঠে দাঁড়িয়ে শচ্চীদানন্দ হতে চাই।
বৈরীতার বেড়া দিয়ে বেঁচে থাকার জীবনকে ঘৃণা করি
সত্যিকে বাক্‌রুদ্ধ করে মিথ্যাকে পোষোণ করা।
আমার হৃদয় থেকে যুদ্ধে সামিল হই।
এ আমার জন্মভূমির অধিকার।
হতাসার উল্লাসে বিলাস করা ব্যক্তিকে
নখাঘাতে ছিঁড়ে চূর্ণ বিচূর্ণ করি এ আমার অভিপ্রায়।

—০ঃঃঃ০—

যখন সমুদ্রের প্রবল উচ্ছাস
ভাঙবে সোনালী বালুতটে,
এ ভাঙা বুকে আমি প্রশান্তির শ্বাস নেবো
উড়ন্ত চিলের দিকে
তাকিয়ে তাকিয়ে।।
তোমার উদাসীনতা মিসে যাবে
পাহাড়ের গম্ভীরতায়,
দু'চোখের কালো তারায়
দেখবো শ্যামলিমার সামিয়ানা।
তোমার খেলা চুলে মুখ রেখে শুনবো
জীবনের সুর - বেঁচে থাকার মন্ত্র,
সংগ্রামের গান
সমস্ত অনুভূতিকে
জাগিয়ে জাগিয়ে

—০ঃঃঃ০—

কলুষিত সমাজ

প্রকাশ তামলী

কারাগারে যারা বন্দী থাকে
সবাই কি দোষী হয়?
জেলের বাইলে ঘুরে যারা
সবাই সাধু নয়।।
ধর্ষণ আজ নিত্য খবর
কাগজের প্রতি পাতায়,
তবু ধর্ষকেরা ছাড় পেয়ে যায়
সামান্য কিছু টাকায়।।
পাপে আজকে ভরে গেছে
সমাজের প্রতি কোনায়,
বিচারের বাণী নিভৃতে কাঁদে
রাতের নীরবতায়।।
সত্যের পথে আমার কলম
চলবে চিরকাল,
আমি হিন্দু হয়েও ভালোবাসি
কাজী নজরুল ইসলাম।।

—০ঃঃঃ০—

স্বামী বিবেকানন্দের একটি কবিতা

লী

পাহাড়ে পর্বতে উফত্যকায়,
গির্জায়, মন্দিরে, মসজিদে —
বেদ বাইবেল আর কোরানে
তোমাকে খুঁজেছি আমি ব্যর্থ ক্রন্দনে।
মহারণ্যে পথপ্রান্ত বালকের মতো
কেঁদে কেঁদে ফিরেছিনিঃসঙ্গ —
তুমি কোথায় — কোথায় — আমার প্রাণ, ওগো ভগবান?
নাই, প্রতিধ্বনি শুধু বলে, নাই।
দিন, রাত্রি, হয় জানি না,
হৃদয় ভেঙে যায় দুভাগ হয়ে।
গঙ্গার তীরে লুটিয়ে পড়ি বেদনায়,
রোদে পুড়ি, বৃষ্টিতে ভিজি,
ধূলিকে সিক্ত করে তপ্ত অশ্রু,
হাহাকার মিশে যায় জনকলরবে।
সকল দেশের সকল মতের মহাজনদের
নাম নিয়েডেকে উঠি অধীর হয়ে,
বলি, আমাকে পথ দেখাও, দয়া কর,
ওগো, তোমরা যারা পৌঁচেছে পথের প্রান্তে।
কত বর্ষ কেটে গেল করুণ আর্তনাদে,
মুহূর্ত মনে হয় যুগ যেন,
তখন — একদিন আমার হাহাকারের মধ্যে
কে যেন ডাকল আমাকে আমারি নাম ধরে।
মৃদু মধু আস্বাদের মতো এখ স্বর —
'পুত্র! আমার পুত্র! পুত্র মোর!'
সে কণ্ঠ বাজালো হৃদয়ে একটিসুরে —
আত্মার প্রতিটি তন্ত্রী উঠল ঝঙ্কার দিয়ে।

—০ঃঃঃ০—

প্রীতি, শুভেচ্ছা ও অভিনন্দনসহ—

ভগবানপুর গ্রাম পঞ্চায়েত

ভগবানপুর ঃঃ পূর্ব মেদিনীপুর

জনগণের প্রতি আবেদন

১। গ্রাম পঞ্চায়েতের গৃহ ও ভূমি কর নির্দিষ্ট সময়ে জমা করুণ।
২। ট্রেড লাইসেন্স প্রতি বছর পুনর্ণবীকরণ করুণ।
৩। গ্রাম পঞ্চায়েত এলাকায় শিশু জন্মগ্রহণ করলে বা কেউ মৃত্যুবরণ করলে ২১ দিনের মধ্যে সাব সেন্টারে নাম লেখান ও সঠিক তথ্য দিয়ে গ্রাম পঞ্চায়েত হইতে জন্ম ও মৃত্যু শংসাপত্র সংগ্রহ করুণ।
৪। গর্ভবতী মা ও শিশুর উপস্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত টীকাকরণ করান।
৫। বাড়িতে নয় সরকারী বা বেসরকারী স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে বাচ্চা প্রসব করান।
৬। প্রতিটি ষান্মাসিক ও বাৎসরিক গ্রাম সংসদ সভায় উপস্থিত থেকে আপনার মতামত প্রদান করুন ও আপনার এলাকায় উন্নয়নে সহায্য করুন।
৭। ভগবানপুর গ্রাম পঞ্চায়েত নির্মল গ্রাম পঞ্চায়েত, তাই আপনার এলাকাকে মুক্তাঞ্চলে শৌচমুক্ত রাখা ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং নির্মল গ্রাম পঞ্চায়েতের গর্বকে অক্ষুণ্ণ রাখা আপনাদের দায়িত্ব ও কর্তব্য।
৮। আপনার এলাকায় প্রতিটি রাস্তা নলকূপ সহ সকল সম্পদ, আপনার সম্পদ, একে রক্ষা করা আপনার দায়িত্ব ও কর্তব্য।
৯। গ্রাম পঞ্চায়েত হইতে তৈরি সকল সাবমার্সিবল পাম্পের কমিটি গঠন করুন ও বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করুন। বিদ্যুৎ চুরি করা আইনগতঃ দণ্ডনীয় অপরাধ।
১০। ১০০ দিনের কাজের যুক্ত অদক্ষ শ্রমিকের জবকার্ডের সঙ্গে আধার ও ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর বাধ্যতামূলক।
১১। গ্রাম পঞ্চায়েতের সমস্ত উন্নয়নমূলক প্রকল্পে অংশগ্রহণের মাধ্যমে উন্নয়নের গতিকে স্বচ্ছতার সহিত ত্বরান্বিত করুন।

ভগবানপুর গ্রাম পঞ্চায়েতের অঙ্গীকার

১। প্রতিটি পরিবারকে বিশুদ্ধ পানীয় জল প্রদান। ২। প্রতিটি পরিবারে শৌচাগারের অঙ্গীকার।
৩। প্রতিটি রাস্তা ঢালাই -এর অঙ্গীকার। ৪। PMAY নথীভুক্ত পরিবারকে গৃহ প্রদান।
৫। প্রতিটি মানুষকে পঞ্চায়েত অফিস থেকে সুষ্ঠ পরিষেবা ও তথ্য প্রদান। ৬। মানুষকে ন্যায় প্রদান।
৭। প্রতিটি মানুষকে সংসদমুখী করে তোলা।

এই পঞ্চায়েত আপনার।
আপনার চিন্তা ভাবনায়
আপনার মানব সম্পদের সাহায্যে
সমৃদ্ধ হোক এই পঞ্চায়েত।
এই পঞ্চায়েত এলাকায় উন্নয়ন
আপনিই করবেন।
।। পঞ্চায়েত শুধুমাত্র সাহায্য করবে ।।

উমা ভূঞ্যা	অশেষ পড়িয়া	সেক রেজাক
উপ-প্রধান	*নির্বাহী সহায়ক*	*প্রধান*
ভগবানপুর গ্রাম পঞ্চায়েত	ভগবানপুর গ্রাম পঞ্চায়েত	ভগবানপুর গ্রাম পঞ্চায়েত

মিলন মেলার সার্বিক শুভ কামনায়...

কাকরা গ্রাম পঞ্চায়েত

ভগবানপুর-১ পঞ্চায়েত সমিতি

পোস্ট-কাকরা ❁ পূর্ব মেদিনীপুর

"হারি জিতি নাহি লাজ"

মানুষের জন্য করতে চাই কাজ।- ইন্দিরা আবাস যোজনা, সহায় প্রকল্প, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্প, জাতীয় সামাজিক সহয়াতা কর্মসূচীর অর্ন্তগত ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্য জনিত অবসর ভাতা প্রকল্প, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, জাতীয় পরিবার সহায়তা প্রকল্প, জননী সুরক্ষা যোজনা প্রকল্পের সাথে অন্ত্যোদয় অন্ন যোজনা, অন্নপূর্ণা যোজনা, ভূমিহীন কৃষি শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প, অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প, সকলের জন্য শিক্ষা, সার্বিক স্বাস্থ্যবিধান কর্মসূচী রূপায়ণে আমরা ব্যস্ত ও ব্রতী। সবারে করি আহ্বান-

সেক মহম্মদ সেলিম
উপ-প্রধান

বর্ণিতা মাইতি (সাউ)
প্রধান

সকল সদস্য-সদস্যা ও কর্মচারীবৃন্দ

বিবেকানন্দের পত্রাবলী

৭৩

(অদ্যাপক রাইটকে লিখিত) সেলেম ৩০শে আগষ্ট, ৯৩

প্রিয় অধ্যাপকজী[১]

আজ এখান থেকে আমি চলে যাচ্ছি। মনে হয়, চিকাগো থেকে আপনি কিছু উত্তর পেয়েছেন। মিঃ স্যানবর্ন -এর কাছ থেকে পূর্ণ নির্দশেসহ আমন্ত্রণ পেয়েছি। সুতরাং সোমবার সারাটোগা যাচ্ছি। আপনার গৃহিণীকে আমার শ্রদ্ধা জানাবেন। অস্টিন ও অন্যশিশুদের ভালবাসা দেবেন। আপনি সত্যই মহাত্মা এবং শ্রীমতী রাইট অতুলনীয়।

প্রীতিবদ্ধ বিবেকানন্দ

পত্রাবলী

৭৬

চিকাগো, ২রা অক্টোবর, ৯৩

প্রিয় অধ্যাপকজী,

আমার দীর্ঘ নীরবতার বিষয়ে আপনি কি ভাবছেন জানি না। প্রথমত ঃ মহাসভায় আমি শেষ মুহূর্তে একেবারে বিনা প্রস্তুতিতে হাজির হয়েছিলাম। কিছু সময় তার জন্য নিদারুণভাবে আমাকে ব্যস্ত থাকতে হয়েছিল। দ্বিতীয়ত ঃ মহাসভায় প্রায় প্রতিদিন আমাকে বক্তৃতা করতে হয়েছে, ফলে লিখবার কোন সময়ই করে উঠতে পারিনি। শেষ কথা এবং সবচেয়ে বড় কথা এই যে, হে হৃদয়বান বন্ধু, আপনার কাছে আমি মনই ঋণী যে, তাড়াহুড়ো করে চিঠির উত্তর দেবার জন্যেই — কিছু একটা লিখে পাঠালে তা আপনার অহেতুক সৌহার্দ্যের অমযাদা হতো। মহাসভার পাট এখন চুকেছে।

